NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

# একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী







২ শিল্প দূষণের মাত্রা পরিমাপে আন্তর্জাতিক গবেষণার উদ্যোগ

বিধানসভার একাধিক গুরুত্বপূর্ণ সংসদীয় কমিটিতে সদস্য পার্থ ২

কলকাতা ৪ ফেব্রুয়ারি ২০২৬ ২১ মাঘ ১৪৩২ বুধবার উনবিংশ বর্ষ ২৩৪ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 04.02.2026, Vol.19, Issue No. 234, 8 Pages, Price 3.00

# ‘এক ইঞ্চিও জমি ছাড়ব না’

## কমিশন নিয়ে মুখ্যমন্ত্রীর কড়া অবস্থান

## জ্ঞানেশ কুমারের বিরুদ্ধে ইমপিচমেন্টের প্রস্তুতি

**নয়াদিল্লি, ৩ ফেব্রুয়ারি:** এসআইআরের চূড়ান্ত তালিকা প্রকাশের পর তৃণমূলের ‘রণকৌশল’ কী হবে? মমতার জবাব, ‘আমরা এক ইঞ্চি জমি ছাড়ব না। শেষ পর্যন্ত লড়াই করে যাব।’ তৃণমূলনেত্রীর কথায়, ‘নাম বাদ গেলে প্রভাব তো পড়বেই। তবে তা নিয়ে লড়াই হবে। আমাদের কী রণকৌশল হবে, তা পরে জানানো হবে।’

বাংলায় এসআইআর শুরুর পর থেকেই দেশের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে নানা ইস্যুতে নিশানা করেছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সোমবারই নয়াদিল্লিতে নির্বাচন সদন থেকে বেরিয়ে জ্ঞানেশ কুমারকে ‘মিথ্যাবাদী’ বলে আক্রমণ শানিয়েছিলেন তিনি। এবার দেশের বর্তমান মুখ্য নির্বাচন কমিশনারের বিরুদ্ধে বড় পদক্ষেপের ইঙ্গিত দিলেন মমতা। মঙ্গলবার বঙ্গ ভবনে সাংবাদিক বৈঠকের সময় তিনি বললেন, তাঁরা চান জ্ঞানেশ কুমারের ইমপিচমেন্ট হোক।

এদিন বঙ্গ ভবনে এসআইআর-এ ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে নিয়ে সাংবাদিক বৈঠক করেন মমতা। তাঁর পাশে ছিলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক



বন্দ্যোপাধ্যায়। সাংবাদিক বৈঠকে ফের মুখ্য নির্বাচন কমিশনার বিরুদ্ধে সরব হন তিনি। পরে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। সেইসময়ই তিনি জ্ঞানেশ কুমারের ইমপিচমেন্টের কথা বলেন।

নির্বাচন কমিশনের ভূমিকা নিয়ে সংঘাত আরও তীব্র হল। দিল্লিতে সাংবাদিকদের মুখোমুখি হয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় স্পষ্ট জানালেন, বর্তমান মুখ্য নির্বাচন কমিশনারের অধীনে কমিশনের কাজকর্মে তিনি আস্থা রাখছেন না। একদিন আগেই বৈঠক বয়কটের সিদ্ধান্তের পর এদিন তাঁর বক্তব্যে রাজনৈতিক বার্তা আরও তীব্র হয়ে উঠল।

লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধির প্রস্তাবকে সমর্থন জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, ‘গণতন্ত্রের কেউ উর্ধ্বে নয়। কমিশনের প্রধান যদি প্রশ্নের মুখে পড়েন, তবে আইনি ও সাংবিধানিক পথে জবাবদিহি হতেই হবে।’ ভবিষ্যতে সংসদে প্রয়োজনীয় সংখ্যাগরিষ্ঠতা থাকলে অনাস্থা আনার সম্ভাবনার কথাও উড়িয়ে দেননি তিনি।

এসআইআর প্রক্রিয়ার পর কয়েকজন বুথ লেভেল অফিসারের মৃত্যুর প্রসঙ্গ তুলে কেন্দ্রীয় সরকারের ভূমিকা নিয়েও প্রশ্ন তোলেন মুখ্যমন্ত্রী। তাঁর অভিযোগ, ‘যাঁরা কমিশনের হয়ে কাজ করলেন, তাঁদের পরিবারের দায়িত্ব কি কেন্দ্রের নয়?’ এক বিএলও মৃত্যুর আগে কমিশনের বিরুদ্ধে এফআইআর করেছিলেন বলেও দাবি করেন তিনি। যদিও রাজ্য সরকার মৃত বিএলওদের পরিবারের পাশে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছে বলে জানান।

ভোটার তালিকা নিয়েও সতর্ক করেন মুখ্যমন্ত্রী। তাঁর কথায়, ‘চূড়ান্ত তালিকায় গড়মিল হলে তার দায় কমিশনকেই নিতে হবে।’ বাংলার সামাজিক কাঠামোর প্রসঙ্গ তুলে তিনি বলেন, ‘এই রাজ্য সবাইকে নিয়ে তৈরি। কাউকে বাদ দেওয়ার রাজনীতি বাংলা মানে না।’

অন্যদিকে, এদিন নির্বাচন কমিশনের খাতায় ‘মৃত’। ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনীর তালিকায় নাম নেই এমন কয়েকজন ‘ভূতের’ পরিচয় দিল্লির চাণক্যপুরীর নয়া বঙ্গভবনে সাংবাদিক বৈঠকে করালেন মমতা বন্দ্যোপাধ্যায়। দিল্লির সংবাদমাধ্যমের সামনে তাঁদের দেখিয়ে নির্বাচন কমিশনের বিরুদ্ধে ক্ষোভ উগরে দিলেন তিনি। এর আগে বাংলার মাটিতে দাঁড়িয়ে একাধিক জনসভায় এভাবেই ‘ভূতে’দের সামনে এনেছেন মমতা ও অভিষেক বন্দ্যোপাধ্যায়রা।

এবারের দিল্লি সফরে মমতার সঙ্গে রয়েছেন এসআইআর ‘ভুক্তভোগী’দের পরিবার। তাঁদের মধ্যে কেউ এসআইআর ‘আতঙ্কে’ মৃতদের পরিবার। আবার কেউ কেউ রয়েছেন এসআইআর-এর ‘চাপে’ নিহত বিএলও-র পরিজন।

## এসআইআর: আজ সুপ্রিমে সওয়াল করতে পারেন মমতা

**নয়াদিল্লি, ৩ ফেব্রুয়ারি: এসআইআর মামলায় প্রয়োজনে সুপ্রিম কোর্টে সওয়াল করবেন তিনি। কয়েকদিন আগে নিজেই জানিয়েছিলেন। এসআইআর মামলায় সুপ্রিম কোর্টে সওয়াল করতে পারেন মমতা বন্দ্যোপাধ্যায়। মঙ্গলবার সেই সম্ভাবনার ইঙ্গিত মিলল। বুধবার সুপ্রিম কোর্টে মমতা বন্দ্যোপাধ্যায়ের যাওয়ার জন্য সর্বোচ্চ আদালতের রেজিস্ট্রারের কাছে সিকিউরিটি ক্লিয়ারেন্স চাওয়া হয়েছে। পিটিশনার হিসেবে মমতা বন্দ্যোপাধ্যায় যেতে পারবেন। কিন্তু তাঁর নিরাপত্তার জন্য কতজন যাবেন, সে বিষয়ে সিকিউরিটি ক্লিয়ারেন্সের আবেদন করা হয়েছে বলে সুপ্রিম কোর্ট সূত্রে খবর। নিয়ম বলছে, সুপ্রিম কোর্টের নথিভুক্ত কোনও আইনজীবী মামলায় সওয়াল করতে পারেন। কিংবা কোনও মামলার আবেদনকারী নিজে সওয়াল করতে পারেন। মমতা বন্দ্যোপাধ্যায়ের ক্ষেত্রে প্রথম সম্ভাবনা নেই। কারণ, তিনি সুপ্রিম কোর্টের নথিভুক্ত আইনজীবী নন। কিন্তু, এসআইআর নিয়ে জাতীয় নির্বাচন কমিশন ও রাজ্যের সিইও দপ্তরের বিরুদ্ধে শীর্ষ আদালতে মামলা দায়ের করেছেন তিনি।**

## ফের অপেক্ষায় ইডি

# সুপ্রিম কোর্টে পিছল আইপ্যাক সংক্রান্ত মামলার শুনানি

**নিজস্ব প্রতিবেদন:** সুপ্রিম কোর্টে রাজনৈতিক পরামর্শদাতা সংস্থা আইপ্যাক সংক্রান্ত এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের মামলার শুনানি আপাতত স্থগিত থাকল। মঙ্গলবার মামলাটি উঠলেও রাজ্য সরকারের তরফে সময় চাওয়ায় বিচারপতি প্রশান্ত কুমার মিশ্র ও বিচারপতি এনভি আঞ্জারিয়ার বেঞ্চ পরবর্তী তারিখ হিসেবে ১০ ফেব্রুয়ারি নির্ধারণ করেছে। ফলে কেন্দ্রীয় সংস্থার আনা অভিযোগের বিচার আরও কিছুদিন পিছিয়ে গেল।

ইডির পক্ষে সলিসিটর জেনারেল তুষার মেহতা আদালতে জানান, রাজ্য সরকার হলফনামা জমা দেওয়ার জন্য সময় প্রার্থনা করেছে। তাঁর কথায়, ‘বিষয়টি অত্যন্ত স্পর্শকাতর, তাই সব দিক আদালতের সামনে পরিষ্কারভাবে তুলে ধরা প্রয়োজন।’ সেই আবেদনের পরিপ্রেক্ষিতেই বেঞ্চ শুনানি মুলতুবি রাখে।

এর আগে শীর্ষ আদালত মন্তব্য করেছিল, কেন্দ্রীয় তদন্তে রাজ্য প্রশাসনের কথিত হস্তক্ষেপ ‘গুরুত্বপূর্ণ ও উদ্বেগজনক’। আদালত তখনই প্রশ্ন তোলে, কোনও রাজ্য



পুলিশের ভূমিকা কি কেন্দ্রীয় সংস্থার কাজে বাধা দিতে পারে? একই সঙ্গে আইপ্যাকের কার্যালয়ে অভিযানের সময় দায়ের হওয়া এফআইআর কার্যকর না করার নির্দেশ দেওয়া হয় এবং সিসিটিভি ফুটেজ অক্ষত রাখারও নির্দেশ আসে।

ইডির অভিযোগ, ‘অভিযানের সময় মুখ্যমন্ত্রীর উপস্থিতি তদন্তের পরিবেশকে প্রভাবিত করেছে এবং তদন্তকারী আধিকারিকদের মধ্যে ভীতির আবহ তৈরি হয়।’ সংস্থার দাবি, এতে আইনের স্বাভাবিক গতিতে কাজ করার ক্ষমতা ক্ষুণ্ণ হয়েছে। সব মিলিয়ে, ১০ ফেব্রুয়ারির শুনানির দিকেই এখন নজর রাজনৈতিক ও প্রশাসনিক মহলের।

## কলকাতায় ভূমিকম্প

■ **কলকাতায় ভূমিকম্প! মঙ্গলবার রাত ৯টা নাগাদ কম্পন অনুভূত হয়েছে রাজ্য রাজধানীর বিস্তীর্ণ অংশে। পশ্চিমবঙ্গের অন্যান্য জেলাতেও কম্পন অনুভূত হয়েছে। জানা যাচ্ছে, ভূমিকম্পের উৎসস্থল মায়ানমার। সেখানে রিখটার স্কেলে কম্পনের মাত্রা ছিল ৬। এ ছাড়াও বাংলাদেশ এবং ইন্দোনেশিয়াতেও ভূমিকম্প হয়েছে বলে খবর। মঙ্গলবার সন্ধ্যায় কম্পনেও কলকাতা বা পারিপার্শ্বিক এলাকায় ক্ষয়ক্ষতির কোনও খবর মেলেনি। উল্লেখ্য, গত ২১ নভেম্বরও কলকাতায় কম্পন অনুভূত হয়েছিল। গত ২৪ ঘণ্টায় পশ্চিমবঙ্গ সংলগ্ন তিব্বত এবং বাংলাদেশে ভূমিকম্প হয়েছে। মঙ্গলবার ভোরে বাংলাদেশে ৪.১ রিখটার স্কেলে কম্পন হয়।**

# লাদাখ ইস্যুতে ফের উত্তাল সংসদ

## সাসপেন্ড ৮ কংগ্রেস সাংসদ

**নয়াদিল্লি, ৩ ফেব্রুয়ারি:** লাদাখে চিনা আগ্রাসন ইস্যুতে মঙ্গলবার ফের উত্তাল হয় সংসদ। মঙ্গলবার লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধির ভাষণে বাধা দেওয়ার অভিযোগ ওঠে বিজেপি এবং লোকসভার স্পিকারের বিরুদ্ধে। এরপরই সংসদের ভিতরে প্রতিবাদে সরব হন বিরোধী সাংসদরা। অভব্য আচরণ এবং স্পিকার ওম বিড়লার দিকে কাগজ ছোড়ার অভিযোগে সাসপেন্ড হতে হয় ৮ জন কংগ্রেস সাংসদকে।

মঙ্গলবার বাজেট অধিবেশনের দ্বিতীয় দিনেও রাহুল লাদাখ প্রসঙ্গ তোলেন। সোমবারের মতো এদিনও বিরোধী দলনেতা দাবি করেন, ২০২০-তে গালওয়ান কাণ্ডের আগে থেকেই লাগাতার চিনের কাছে জমি হারাচ্ছে ভারত। অথচ সরকার নীরব। স্বপক্ষে প্রমাণ দিতে তিনি ফের প্রাক্তন সেনাপ্রধান এম এম নরবণের অপ্রকাশিত জীবনী গ্রন্থ থেকে একটি উদ্ধৃতি তুলে ধরার চেষ্টা করেন। ঠিক তখনই হট্টগোল শুরু করেন বিজেপি সাংসদরা। অভিযোগ, গেরুয়া শিবির এবং লোকসভার স্পিকার মাঝপথেই রাহুলের ভাষণ থামিয়ে দেন। তারপরই ক্ষোভে ফেটে পড়েন কংগ্রেস-সহ বিরোধী শিবির। এরপরই আট কংগ্রেস সাংসদকে সাসপেন্ড করা হয় বলে খবর। অভিযোগ, স্পিকারকে লক্ষ্য করে তাঁরা কাগজ ছোড়েন।

সাসপেন্ড হওয়া এক কংগ্রেস সাংসদ বলেন, ‘রাহুলের ভাষণে বাধা দেওয়া হয়েছে। তিনি নথিটি যাচাই করেই সংসদে জমা দিয়েছিলেন। আমরা এর প্রতিবাদ করেছিলাম। এটা অপরাধ?’ অন্যদিকে, বিজেপি সাংসদ অনুরাগ ঠাকুর বলেন, ‘রাহুল গণতন্ত্র এবং সংসদকে অপমান করেছেন। তাঁর একটাই উদ্দেশ্য ছিল। ভারতীয় জওয়ানদের অপমান করা। এটাই এখন কংগ্রেসের এজেন্ডা। তারা কাগজ ছিঁড়ে ফেলে স্পিকারের দিকে ছুড়েছেন।’

এরপর আসরে নামেন স্পিকার। রাজনাথের বক্তব্যকেই সমর্থন করেন তিনি। স্পিকার বলেন, ‘এই সদনে কোনওরকভাবে কোনও সংবাদ, বা বই নিয়ে আলোচনা হয় না। আর যে বই প্রকাশিত হয়নি সেটা নিয়ে বলার অনুমতি দেওয়া যায় না।’ যার ফলে রাহুল যে গুরুত্বপূর্ণ ইস্যুটি তোলার চেষ্টা করছিলেন সেটাই চাপা পড়ে যায়। মঙ্গলবারও একই ঘটনার পুনরাবৃত্তি হল।

# ‘সমালোচনা হয়েছিল, ধৈর্যের ফল মিলেছে’

**নয়াদিল্লি, ৩ ফেব্রুয়ারি:** ধৈর্যের ফল মিলেছে! ভারত-আমেরিকা বাণিজ্যচুক্তি এবং ডোনাল্ড ট্রাম্পের শুল্ক হ্রাসের ঘোষণাকে এ ভাবেই বর্ণনা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। মঙ্গলবার এনডিএ সাংসদের সঙ্গে বৈঠকে মোদী আত্মবিশ্বাসের সুরে জানান, শুল্ক নিয়ে সমালোচনার ঝড় উঠেছিল। কিন্তু এখন সেটাই ইতিবাচক ফলাফলের দিকে এগিয়ে গিয়েছে।

এনডিএ সংসদীয় দলের বৈঠকে ভাষণ দিতে গিয়ে মোদী বলেন, ‘এই চুক্তি একটি অনুকূল অর্থনৈতিক পরিবেশ তৈরি করেছে। বিশ্বব্যাপী বাণিজ্য আলোচনায় সরকারের অবিচল দৃষ্টিভঙ্গির প্রতিফলন ঘটছে।’ মোদীর মতে, ভবিষ্যতে অর্থনৈতিক লাভের সুযোগ রয়েছে। বাণিজ্যচুক্তির ফলে এখন দেশীয় এবং উচ্চমানের উৎপাদন বৃদ্ধি পাবে, যা ভারতে শিল্পকে অনেকাংশে এগিয়ে দেবে। আমেরিকা এবং ভারতের বাণিজ্যচুক্তিকে ‘ঐতিহাসিক’ বলেও বর্ণনা করেন মোদী।

পরেও প্রধানমন্ত্রী বলেন, ‘মানুষ শুল্কের সমালোচনা করেছিলেন। কিন্তু আমরা ধৈর্য ধরে ছিলাম। তার



ফলাফলই এখন দৃশ্যমান।’ তাঁর মতে, বিশ্বের অবস্থানের পরিবর্তন ঘটছে। তার গতিপথ ক্রমশ ভারতে দিকে ঝুঁকছে বলে দাবি করেন মোদী। তাঁর কথায়, ‘বিশ্ব জুড়ে যে বাণিজ্য-উত্তেজনা চলছে, তার মধ্যেও ভারত লাভজনক জায়গায় পৌঁছোচ্ছে।’

উল্লেখ্য, সোমবার রাতে (ভারতীয় সময়) মার্কিন প্রেসিডেন্ট ট্রাম্প দ্বিপাক্ষিক বাণিজ্যচুক্তির কথা ঘোষণা করেন। ভারতীয় পণ্য শুল্ক ২৫ শতাংশ থেকে কমিয়ে ১৮ শতাংশ করা হবে বলে জানান তিনি। ট্রাম্পের দাবি, এই চুক্তি কার্যকর হলে ভারত ৫০০০০ কোটি ডলারেরও (৪৫ লক্ষ কোটি টাকারও বেশি) বেশি মূল্যের জ্বালানি, প্রযুক্তি, কৃষি, কয়লা এবং অন্যান্য অনেক পণ্য কিনবে। মোদীও তাঁর এক্স হ্যান্ডলে এই চুক্তি নিয়ে দীর্ঘ পোস্ট করেন।

## বেলডাঙার অশান্তি: এনআইএ তদন্তে প্রশ্ন তুলে সুপ্রিম কোর্টে রাজ্য

**নিজস্ব প্রতিবেদন:** মুর্শিদাবাদের বেলডাঙায় জানুয়ারির মাঝামাঝি এক যুবকের মৃত্যুকে কেন্দ্র করে যে অশান্তির আগুন জ্বলে উঠেছিল, তা দ্রুতই ছড়িয়ে পড়ে গোটা এলাকায়। ১৬ জানুয়ারি শুরু হওয়া উত্তেজনা পরদিন আরও তীব্র আকার নেয়। জাতীয় সড়ক ও রেলপথ অবরোধ, দোকানপাট ভাঙচুর, এমনকি সংবাদ সংগ্রহে আসা সাংবাদিকদের উপর হামলার ঘটনাও সামনে আসে। পরিস্থিতি সামাল দিতে শেষে সক্রিয় হয় পুলিশ। সিসিটিভি ও সমাজমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিও খতিয়ে দেখে মোট ৩৬ জনকে গ্রেপ্তার করা হয়। এই ঘটনার প্রেক্ষিতে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেছিলেন, ‘বেলডাঙার সংখ্যালঘু মানুষের ক্ষোভ অমূলক নয়।’

## নতুন মুখ্যমন্ত্রী পাচ্ছে মণিপুর

■ **একবছর রাষ্ট্রপতি শাসনের পর অবশেষে নতুন মুখ্যমন্ত্রী পাচ্ছে মণিপুর। সূত্রের খবর, উত্তর-পূর্বের এই রাজ্যে বিজেপির মুখ হচ্ছেন ইউমনাম খেমচাঁদ সিং। সোমবার জরুরি তলবে দিল্লিতে আসেন মণিপুরের এনডিএ বিধায়করা। বিজেপির কেন্দ্রীয় নেতৃত্বের সঙ্গে তাঁরা একটি বৈঠক করেন। তখন থেকেই গুঞ্জন শুরু হয়েছিল মণিপুরে সরকার গড়তে কোমর বেঁধে নেমেছে গেরুয়া শিবির। অবশেষে মঙ্গলবার জানা গেল, মণিপুরের পরবর্তী মুখ্যমন্ত্রী হচ্ছেন খেমচাঁদ। তিনি মেইতেই সম্প্রদায়ভুক্ত।**

# কয়লা পাচারে ফের অ্যাকশন মোডে ইডি

## কলকাতা, দুর্গাপুর ও আসানসোলের একাধিক ঠিকানায় হানা


**নিজস্ব প্রতিবেদন:** সাতসকালে ফের অ্যাকশন মোডে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ইডি। মঙ্গলবার সকালে দিল্লি, কলকাতা, দুর্গাপুর, আসানসোলের একাধিক ঠিকানায় হানা দেন আধিকারিকরা। সঙ্গে ছিল কেন্দ্রীয় বাহিনী। জানা গিয়েছে, বুদবুদ থানার ওসির বাড়িতেও তল্লাশি চালায় পুলিশ। প্রাথমিকভাবে জানা গিয়েছে, বালি ও কয়লা পাচার মামলার তদন্তেই এই অভিযান।

আর এই তল্লাশি চলাকালীন আসানসোলে জামুরিয়াতে বিপুল অঙ্কের নগদ উদ্ধার হয়েছে বলে খবর। সূত্রের খবর, নগদ প্রায় দেড় কোটি টাকা পাওয়া গিয়েছে। উদ্ধার হওয়া বিপুল এই টাকা কয়লা পাচারের কিনা তা খতিয়ে দেখা হচ্ছে। তবে এর পিছনে হাওয়ালা যোগ থাকতে পারে বলেও দাবি তদন্তকারী সংস্থার।

জানা গিয়েছে, মঙ্গলবার সকাল সাড়ে ছটা নাগাদ আসানসোলের জামুরিয়ায় পৌঁছয় ইডি আধিকারিকদের একটি দল। বুদবুদ থানার নবনিযুক্ত ওসি মনোরঞ্জন মণ্ডলের সিটি সেন্টারের বেঙ্গল অম্বুজার বাড়িতে হানা দেয় আরেকটি দল। সকাল থেকেই শুরু হয় টানা তল্লাশি। এখনও বুদবুদ থানার দায়িত্বভার গ্রহণ করেননি মনোরঞ্জন মণ্ডল। তার আগেই জেলা জুড়ে ইডির অল আউট অ্যাকশন ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে গোটা জেলাজুড়ে।

বছর খানেক আগে বিভিন্ন দুর্নীতির অভিযোগে আসানসোলের বারাবনি থানা থেকে সাসপেন্ড করা হয় মনোরঞ্জন মণ্ডলকে। এতদিন আসানসোল পুলিশের স্পেশাল ব্রাঞ্চে ছিলেন তিনি। সদ্য তাঁকে বুদবুদ থানার ওসি পদে ফিরিয়ে আনা হয়। কিন্তু থানার দায়িত্ব নেওয়ার আগেই ইডির এই অভিযানে নতুন করে উঠল প্রশ্ন। শুধু মনোরঞ্জন মণ্ডলের বাড়িতেই নয় একই সঙ্গে পশ্চিম বর্ধমান জেলার একাধিক প্রান্তে কয়লা ও বালি ব্যবসায়ীদের বাড়িতেও হানা দেয় ইডি।

দুর্গাপুরের বালি ব্যবসায়ী প্রবীর দত্ত, তাঁর ভাই অমিতের বাড়িতেও হানা দেয় ইডি। সেপকোতে প্রবীর দত্তের বাড়িতে এদিন ভোর থেকে কেন্দ্রীয় বাহিনী নিয়ে ইডি তল্লাশি চালাচ্ছে। প্রবীর দত্ত কে কে মিনারেলস সংস্থার মালিক। পানাগড়ে তাঁর অফিস। এছাড়াও বাঁকুড়ার মালিয়ারায় পাথর খাদান, বালি খাদান রয়েছে।



# শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন

### নাম-পদবী

গত ২৯/০১/২০২৬ তারিখে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট সদর হুগলী কোর্টে ২৮০৮ নং এফিডেভিড বলে আমি Shekh Mahbub Ali S/o. Shekh Anamat Ali, সাকিম- Parbatipur, Dwarhatta, Haripal, Hooghly-712403, ঘোষণা করিয়াছি যে, আমার পূর্বের ভোটার কার্ডে (EPIC No. HPM1351600) ও ২০০২ সালের ভোটার লিস্টে (১৮৪ হরিপাল বিধানসভা, অংশ নাম্বার ১৬৪, ক্রমিক নাম্বার ৫৫৯) আমার সঠিক নাম Shekh Mahbub Ali S/o. Shekh Anamat Ali-এর পরিবর্তে সবুর আলি সেখ পিতা আনামত সেখ লিপিবদ্ধ আছে। আমি Shekh Mahbub Ali S/o. Shekh Anamat Ali ও সবুর আলি সেখ পিতা আনামত সেখ একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী

গত ১৬/০১/২০২৬ তারিখে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সদর, হুগলী কোর্টে ১৩৮০ নং এফিডেভিট বলে আমি Sabina Bibi W/o. Sk Selim সাং রথতলা, ভাস্তাড়া, গুড়াপ, হুগলী-৭১২৩০৩, ঘোষণা করিয়াছি যে, আমার কন্যার (Robina Khatun) জন্ম সার্টিফিকেটে (Regn. No. 121, dated 19/11/2007, D.O.B. 16/11/2007) আমার স্বামী/কন্যার পিতার সঠিক নাম Sk Selim-এর পরিবর্তে Sk Salim লিপিবদ্ধ হইয়াছে। আমার স্বামী/কন্যার পিতা Sk Selim ও Sk Salim সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী

গত ২২/০১/২০২৬ তারিখে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সদর, হুগলী কোর্টে ১৪১৮ নং এফিডেভিট বলে আমি Sandhya Haldar D/o. Jiten Mridha সাং ত্রিবেণী পশ্চিমপাড়া, ত্রিবেণী, মগরা, হুগলী, ঘোষণা করিয়াছি যে, আমার আধার কার্ডে (xxxx xxxx 8927) ও অন্যান্য ডকুমেন্টে আমার সঠিক নাম Sandhya Haldar-এর পরিবর্তে Jully Singh লিপিবদ্ধ হইয়াছে। আমি Sandhya Haldar ও Jully Singh D/o. Jiten Mridha সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী

গত ০২/০২/২০২৬ তারিখে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট সদর হুগলী কোর্টে ৪৩২১ নং এফিডেভিড বলে আমি Sk Ainel Mistri S/o. Khalil Mistri, সাকিম- পার্বতীপুর পূর্বপাড়া, দ্বারহাট্টা, হরিপাল, হুগলী-৭১২৪০৩, ঘোষণা করিয়াছি যে, আমার পূর্বের ভোটার কার্ডে (EPIC No. HPM1946508) ও ২০০২ সালের ভোটার লিস্টে (১৮৪ হরিপাল বিধানসভা, অংশ নাম্বার ১৬৪, ক্রমিক নাম্বার ৫১৫) আমার সঠিক নাম Sk Ainel Mistri S/o. Khalil Mistri-এর পরিবর্তে খোকন মিস্ত্রী পিতা জলিল মিস্ত্রী ও রেশন কার্ডে Sk Ainel Mistri S/o. Abdul Khalil Mistri লিপিবদ্ধ আছে। আমি Sk Ainel Mistri S/o. Khalil Mistri, Sk Ainel Mistri S/o. Abdul Khalil Mistri ও খোকন মিস্ত্রী পিতা জলিল মিস্ত্রী একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী

গত ১৩/০১/২০২৬ তারিখে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সদর, হুগলী কোর্টে ৯৬৮ নং এফিডেভিট বলে আমি Sabina Bibi W/o. Sk Selim সাং রথতলা, ভাস্তাড়া, গুড়াপ, হুগলী-৭১২৩০৩, ঘোষণা করিয়াছি যে, আমার পুত্রের জন্ম সার্টিফিকেটে (Regn. No. 1038, dated 22/09/2005) আমার পুত্রের সঠিক নাম Sk Sabir Hossain-এর পরিবর্তে Sabir Hossan ও আমার স্বামী/পুত্রের পিতার সঠিক নাম Sk Selim-এর পরিবর্তে Sk Salim লিপিবদ্ধ হইয়াছে। আমার পুত্র Sk Sabir Hossain ও Sabir Hossan এবং আমার স্বামী/পুত্রের পিতা Sk Selim ও Sk Salim সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী

গত ০২/০২/২০২৬, S.D.E.M., শ্রীরামপুর, হুগলী, কোর্টে ১৮৫৪ নং এফিডেভিট বলে আমি Kanchan Kiron ঘোষণা করিয়াছি যে, আমার পিতা Kaushalendra Jha ও Kaushalendr Jha সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছেন।

### নাম-পদবী

গত ০২/০২/২০২৬, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সদর, হুগলী, কোর্টে ৪৮০০ নং এফিডেভিট বলে আমি Sk. Nasiruddin S/o. Late Md. Hasem, R/o. 197, M.G. Road, (Khadinamore), Chinsurah, Hooghly-712101, W.B. ঘোষণা করিয়াছি যে, আমার পাসপোর্টে আমার স্ত্রীর সঠিক নাম Sarmistha Begam Ghosh-এর পরিবর্তে Sarmistha Begum লিপিবদ্ধ হইয়াছে। যাহা পরিবর্তন করিয়া Sarmistha Begam Ghosh করিতে চাই। আমার স্ত্রী Sarmistha Begam Ghosh ও Sarmistha Begum W/o. Sk. Nasiruddin সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছে।

### নাম-পদবী

গত ০৩/০২/২০২৬ তারিখে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সদর, হুগলী কোর্টে ৪৮৮৮ নং এফিডেভিট বলে আমি Sk Saifuddin S/o. Sk Alauddin সাং চম্পাহাটী, সিমলাগড়, পান্ডুয়া, হুগলী-৭১২১৩৫, ঘোষণা করিয়াছি যে, আমার পুত্রের (Sk Saiful) জন্ম সার্টিফিকেটে (Regn. No. 15856H, dated 09/12/2007, D.O.B. 08/12/2007) আমার স্ত্রী/পুত্রের মাতার সঠিক নাম Nasima Bibi-এর পরিবর্তে Narma Bibi লিপিবদ্ধ হইয়াছে। আমার স্ত্রী/পুত্রের মাতা Nasima Bibi ও Narma Bibi সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছে।

### নাম-পদবী

গত ০২/০২/২০২৬, S.D.E.M., শ্রীরামপুর, হুগলী, কোর্টে ১৮১২ নং এফিডেভিট বলে আমি Bijay Ray S/o. Amika Ray ও Vijay Kumar Ray S/o. Ambika Ray সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী

গত ০৩/০২/২০২৬, S.D.E.M., সদর, হুগলী, কোর্টে ০৫ নং এফিডেভিট বলে আমি Amit Kumar Sarkar S/o. Jahar Kumar Sarkar ও Amit Sarkar S/o. Lt. J. K. Sarkar, Jahar Sarkar সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী

গত ০২/০১/২০২৬, S.D.E.M., সদর, হুগলী, কোর্টে ৩৬ নং এফিডেভিট বলে আমি Sk Golam Ahiya Mondal S/o. Sk Ohad Baks Mondal ও Golam Ehiya Mondal S/o. O. B. Mondal সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী

গত ০৩/০২/২০২৬, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সদর, হুগলী, কোর্টে ৪৮৯০ নং এফিডেভিট বলে আমি Mohammad Waqqas Masani S/o. Mohammad Sirajul Islam ঘোষণা করিয়াছি যে, আমার কন্যা Shaikh Narjish & Narjish Khatun সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছে।

### নাম-পদবী

গত ১৯/১২/২০২৫, S.D.E.M., শ্রীরামপুর, হুগলী, কোর্টে ১৭১৬৭ নং এফিডেভিট বলে আমি Md. Mehdi Hasan ও Mehedi Hasan S/o. Mohammad Diljan সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী

গত ০২/০২/২০২৬, জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, সদর, হুগলী, কোর্টে ৪৮০১ নং এফিডেভিট বলে আমি Sarmistha Begam Ghosh W/o. Sk. Nasiruddin, R/o. 197, M.G. Road, (Khadinamore), Chinsurah, Hooghly-712101, W.B. ঘোষণা করিয়াছি যে, আমি Sarmistha Begam Ghosh, Sarmistha Begam (Ghosh), & Sarmistha Begum এবং আমার স্বামী Sk. Nasiruddin & Seikh Nashiruddin সর্বত্র একই ব্যক্তি বলিয়া পরিচিত হইয়াছি।

### নাম-পদবী

আমি Mahabul Hossain, পিতা- Laltu Seikh গত ২১/০১/২০২৬ বহরমপুর নোটারী পাবলিক এফিডেভিট বলে আমার পিতা Laltu Seikh এবং Laltu Sk এক এবং অভিন্ন ব্যক্তি বলে পরিচিত হইল।

### নাম-পদবী

আমি Moumita Maity, W/o- Debprasad Maity, D/o- Anil Kumar Santra, গ্রাম- কোন্নগর, পোঃ+ থানা- ঘাটাল, জেলা- পঃ মেদিনীপুর। গত ০২-০২-২০২৬ তারিখে ঘাটাল ACJM (1st Class) এর নিকট ১৭ নং এফিডেভিট মূলে আমি Moumita Maity, W/o- Debprasad Maity & D/o- Anil Kumar Santra, Moumita Santra, D/o- Anil Kumar Santra & Moumita Santra Maiti, W/o- Debprasad Maity এক ও অভিন্ন ব্যক্তি হিসেবে সর্বত্র পরিচিত হলাম।

### CHANGE OF NAME

I, Rahul Burman s/o Ajay Burman r/o 14, Hindustan Park, P.S Gariahat, Kolkata-700029, Dist- 24 Parganas (S) do hereby declare that my name has been recorded as "Amrish Burman" instead of "Rahul Burman" in my Birth Certificate, whereas in my Aadhar card, Pan card, Passport and in other educational documents my name is correctly recorded as "Rahul Burman" as declared before First Class Judicial Magistrate Alipore court (West Bengal) vide affidavit no. 14204 Dated 29.01.2026. Rahul Burman and Amrish Burman are same and identical person.

### নাম -পদবী পরিবর্তন

আমি, **Moni Acharya**, স্বামী- Naru Gopal Acharya, গ্রাম ও পোঃ- উত্তর হর্ষচক, থানা- জুনপুট কোস্টাল, জেলা- পূর্ব মেদিনীপুর। বিবাহের পূর্বে আমি **Moni Hardar** নামে পরিচিত ছিলাম ও বিবাহের পর । ভুলবশত SECC ডেটা বেসে আমার নাম **Moni Das** হিসেবে লিপিবদ্ধ হয়েছে। গত ০২/০২/২০২৬ তারিখে এলডি জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট (ফার্স্ট ক্লাস) কাকদ্বীপ, দঃ ২৪ পরগনা আদালতে ১৯৬৫ নং হলফনামা মূলে আমি ঘোষণা করছি যে, **Moni Hardar** ও **Moni Acharya** এবং **Moni Das** একই ও অভিন্ন ব্যক্তি। এবং ভবিষ্যতে আমি সর্বক্ষেত্রে **Moni Acharya** নামেই পরিচিত হব।

### নাম পরিবর্তন

আমি, **হাকিমুদ্দিন বেহমাত**, পিতা- স্বর্গীয় **ফখরুদ্দিন বেহমাত**, বয়স আনুমানিক ৫৪ বছর, বর্তমান ঠিকানা ১৬/১, লাউডন স্ট্রিট, সার্কাস অ্যাভিনিউ, ডাকঘর-পার্ক স্ট্রিট, থানা-শেক্সপিয়ার সরণি, কলকাতা-৭০০০১৭, পশ্চিমবঙ্গ, এই মর্মে ঘোষণা করছি যে **হাকিমুদ্দিন বেহমাত** এবং **হাকিম বেহমাত** উভয়েই একই ব্যক্তি এবং অভিন্ন সত্তা। এই ঘোষণা ১৫.০১.২০২৬ তারিখে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট, কলকাতা-এর নিকট দাখিলকৃত Affidavit No-1184 অনুযায়ী প্রদান করা হলো এবং ভবিষ্যতে সকল উদ্দেশ্যে আমি **হাকিমুদ্দিন বেহমাত** নামেই পরিচিত ও পরিচয় বহন করব।

### AFFIDAVIT

I, **SK. SAJIR HOSSAIN** S/O SK Nuruddin residing at Mollapara, P. O.- Kazipara, P.S.- Madhyamgram, Dist.- North 24 Parganas, PIN- 700125 do hereby declare vide affidavit serial no. 6540 dated 02.02.2026 before the Ld. 1st Class Judicial Magistrate at Barasat that my father's name SK NURUDDIN is correctly recorded in my Aadhar, Voter, Ration Cards and Madhyamik Admit Card but his name has been wrongly recorded as SK. NURUDDIN MOLLA in my birth certificate issued by Barasat Municipality vide Registration No. 5935 date 13/09/1993. SK NURUDDIN and SK. NURUDDIN MOLLA is the same and one identical person.

শ্রেণীবদ্ধ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন-মোঃ ৯৮৩১৯১৯৭৯১

### CHANGE OF NAME

I, **Sabiha Khatoon** W/o. Mohammad Jawed R/o. Shibpur Bye Lane, Master Colony, Bansberia, Magra, Hooghly, now residing at Hatiara Sarif, Pir Saheb More, New Town, VTC Hatiara, 24 Parganas North, W.B. do hereby declare that, in my son's birth certificate (being Regn. No. 894 dated 28/09/2012, D.O.B. 18.08.2012) where my son's name has been recorded as **Sk. Aboo Haneefah Jawed** instead of his original name **Sk. Aboo Haneefah** & also my husband's/son's father's name has been recorded as **Md. Jawed** instead of his original name **Mohammad Jawed**. That my son **Sk. Aboo Haneefah** & **Sk. Aboo Haneefah Jawed** and also my husband's/son's father **Mohammad Jawed** & **Md. Jawed** both are the same & one identical person vide an affidavit no. 4329 dated 30/01/2026, sworn before 1st class Judicial Magistrate, Hooghly at Chinsurah Court.






## আজকের দিনটি কেমন যাবে?

**আজ ৪ ঠা ফেব্রুয়ারি। ২১ মাঘ, বুধবার। তৃতীয়া তিথী। জন্মে সিংহ রাশি। অষ্টোত্তরী মঙ্গল র মহাদশা ও বিংশোত্তোরী শুক্র র মহাদশা কাল। মৃতে দোষ নেই।**

**মেষ রাশি :** এক বান্ধবের পূর্ণ সহযোগিতায় কোন আইনি বিষয় থেকে লাভ প্রাপ্তি। অর্থ বৃদ্ধি। বাণিজ্য বৃদ্ধি। গৃহ সরঞ্জাম কেনার জন্য পরিবারে আনন্দ বৃদ্ধি। সন্ধ্যার পর নিমন্ত্রিত অতিথি দ্বারা শান্তির বাতাবরণ। বিদ্যার্থীদের জন্য শুভ। জয় তারা জয় তারা বলুন পথ চলুন।

**বৃষ রাশি :** আজ কর্মে সুনাম বৃদ্ধি। উর্ধ্বতন কর্তৃপক্ষের দ্বারা প্রশংসিত হবেন পুরাতন বান্ধবের দ্বারা সম্মান প্রাপ্তি যোগ। যে প্রতিবেশী কিছুদিন আগে মুখ ফিরিয়ে নিয়েছিলেন, তিনি আজ আপনার বন্ধুর জায়গায় থাকবেন। প্রেমের সফলতা প্রাপ্তি। দেবতা গণেশের চরণে ১০৮ দুর্বা দিন। হলুদ পুষ্প দিন। অতীব শুভ হবে।

**মিথুন রাশি :** সচেতন ভাবে আজ পথ চলুন। ধৈর্য সহ আজ কথা বলুন। অন্যের কথার গুরুত্ব দিন। অর্থনৈতিক লাভ প্রাপ্তি হবে। বাণিজ্যে নতুন পথের সুযোগ বৃদ্ধি। যারা প্রশাসনিক কর্মে আছেন বা কোন প্রতিনিধি মূলক কর্মে আছেন তাদের সম্মান প্রাপ্তির দিন। এক প্রভাবশালী মানুষের সহায়তা লাভ। হরে কৃষ্ণ হরে কৃষ্ণ বলুন পথ চলুন বিপদ নাশ হবে।

**কর্কট রাশি :** কর্মে সম্মান বৃদ্ধি। বিদ্যায় শুভত্ব বৃদ্ধি। এক শিক্ষকের আচরণে সম্মান বৃদ্ধি। কোন এনজিওর দ্বারা সম্মান বৃদ্ধি। পরিবারের শান্তির বাতাবরণ। যে গৃহ সরঞ্জাম কিনবেন বলে ঠিক করেছেন, তা আজ ক্রয় করুন। দেবতা ভগবান বিষ্ণুর চরণে তুলসীপত্র দিন।

**সিংহ রাশি :** আজ দৈব আশীর্বাদ প্রয়োজন। কর্মে যে জটিলতা সৃষ্টি হয়েছে, তা থেকে মুক্তির কারণে দৈব আশীর্বাদ চাই। যে বৃদ্ধ প্রবীণ নাগরিক আপনাকে নতুন পথের সন্ধান দেখিয়েছেন। তার কথা মান্যতা দিন শুভ হবে। আপনার নামে নয়, এমন কোন সম্পদ থেকে অর্থ প্রাপ্তির সম্ভাবনা। নেত্র কণ্ঠ মুখ গহবর পীড়া থেকে সতর্কতা। ভগবান শ্রী গনেশের চরণে ১০৮ দুর্গা দিন শুভ হবে।

**কন্যা রাশি :** ছোট চিন্তা করবেন না। বড় ভাবুন। এগিয়ে চলুন। পরিবার আজ আপনাকে সহযোগিতা করবে না। বন্ধু-বান্ধব থেকে সতর্ক থাকুন। দুপুরের পর সন্ধ্যা পর্যন্ত বিবাদ বিতর্ক বৃদ্ধি। কর্মে যে নতুন দায়িত্ব নিয়েছেন, তা পালনে সচেষ্ট থাকলে, শুভ হবে। বিদ্যার্থীদের জন্য শুভ বিশেষত যারা উচ্চ বিদ্যায় আছেন তাদের জন্য শুভ। হরি ওম হরি ওম, বলুন পথ চলুন।

**তুলা রাশি :** অতি উৎসাহ ব্যঞ্জক দিন। বন্ধু-বান্ধবের সহযোগিতা। পরিবারের সকল সদস্যের সহযোগিতা। সন্তানের বিদ্যালয়ে যে সমস্যা ছিল, সেখান থেকে মুক্তির পথ। যারা আইন বিদ্যা নিয়ে পড়াশোনা করছেন তাদের সম্মান বৃদ্ধি। দোকান বাণিজ্য ব্যবসায় অর্থ প্রাপ্তি-অর্থ বৃদ্ধি। পরিবারে আমন্ত্রিত ব্যক্তির দ্বারা সম্মান বৃদ্ধি যোগ। ১০৮ বার দেবী মহাকালী মন্ত্র বলুন এগিয়ে চলুন।

**বৃশ্চিক রাশি :** সমাজে সম্মান বৃদ্ধি। সুনাম বৃদ্ধির দিন।যারা রাজনৈতিকভাবে নেতৃত্ব দেওয়ার মানসিকতা তৈরি করেছেন, তারা আজ প্রভাবশালী মানুষের সহায়তা লাভ করবেন। ব্যবসা-বাণিজ্য বৃদ্ধি হবে। কালী মন্দিরে দান করুন।

**ধনু রাশি :** ফোন কল, ফ্যাক্স, ইমেইল ইন্টারনেট, দ্বারা শুভ সংবাদ প্রাপ্তি। সমস্যার সমাধান হয়ে পড়বে। যে প্রবীণ মানুষের সহযোগিতার আশা করেছিলেন, তিনি সহযোগিতা করবেন। সম্পত্তি বিক্রয় নিয়ে ধৈর্য ধরুন শুভ হবে। লাল বস্ত্র কাপড় দান করুন মন্দিরে।

**মকর রাশি :** এমন একটি সুযোগ আজ পাওয়া যাবে যেটা আপনি বহুদিন ধরে ভেবে এসছিলেন। কোন আইনি বিবাদ মিটে যাবে। পরিবারে যদি বিচ্ছেদের কোন মামলা চলে, সেখানে শুভ ফলপ্রাপ্তি। এরপরে নতুন কিছুর বিরাট সম্ভাবনা। প্রবল সামাজিক সম্মান বৃদ্ধি। বিদ্যার্থীদের জন্য শুভ। যারা কর্মের আবেদন করেছেন, তাদের জন্য শুভ হবে। কৃষ্ণ মহামন্ত্র বলুন এগিয়ে চলুন।

**কুম্ভ রাশি :** টাকা পয়সা যা আটকে ছিল তা পাওয়ার সম্ভাবনা প্রবল। শিক্ষক অধ্যাপকদের কাছে নতুন সুযোগ বৃদ্ধি। যারা এনজিওতে সোশ্যাল সার্ভিস দেন তাদের সম্মান বৃদ্ধি যোগ। কর্মের নতুন পথের সন্ধান প্রাপ্তি। যারা রাজনীতি করতে চান তারা জয়েন করতে পারেন। ১০৮ তুলসী পত্র দিন ভগবান শ্রী গনেশ কে।

**মীন রাশি :** বহুদিন ধরে চলে আসা লড়াইয়ে, কিছুটা স্বস্তি আপনি পাবেন। দাম্পত্য জীবনে যাদের বিচ্ছেদের মামলা চলছে, তারাও শান্তির বাতাবরণ পাবেন। বিদ্যার্থীদের জন্য শুভ। ব্যবসায়ীদের জন্য শুভ।

**(অধ্যাপক সত্যেন্দ্রনাথ বসু র প্রয়াণ দিবস। মুসলিম সবেবরাত অনুষ্ঠান।)**

ঘোষণা- এই পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের সত্যতা সম্পর্কে এজেন্ট বা পত্রিকা কর্তৃপক্ষ কোনওভাবে দায়বদ্ধ নয়।

# শহরাঞ্চল ও গ্রামীণে শিল্প দূষণের মাত্রা পরিমাপে আন্তর্জাতিক গবেষণার উদ্যোগ

**নিজস্ব প্রতিবেদন:** শহরাঞ্চলের শিল্প দূষণ এবং গ্রামীণ এলাকার দূষণ সমান মাত্রায় ক্ষতিকারক কি না, তা খতিয়ে দেখতে রাজ্য দূষণ নিয়ন্ত্রণ পর্ষদ আন্তর্জাতিক গবেষণা উদ্যোগে সামিল হয়েছে। এই লক্ষ্যে পর্ষদ কলম্বিয়া বিশ্ববিদ্যালয় এবং বেঙ্গালুরুভিত্তিক বিজ্ঞান, প্রযুক্তি ও নীতি গবেষণা সংস্থার সঙ্গে হাত মিলিয়েছে।

পর্ষদ সূত্রে জানা গিয়েছে, সব দূষক সমান ভাবে বিষাক্ত নয়। পর্যবেক্ষণে দেখা যাচ্ছে, কলকাতায় বায়ুর গুণমান সূচক প্রায় ২০০ হলে দুর্গাপুরের মতো শিল্পাঞ্চলে তা ২৫০ ছুঁয়ে যায়। আবার মুর্শিদাবাদের জলঙ্গির মতো গ্রামীণ পর্যবেক্ষণ কেন্দ্রেও সূচক প্রায় একই স্তরে থাকে।

এই প্রেক্ষাপটে শহর ও গ্রামের দূষণ হারের মধ্যে কি প্রভেদ রয়েছে, তা বৈজ্ঞানিক ভাবে যাচাই করতেই



এই যৌথ গবেষণা শুরু হয়েছে। পর্ষদের চেয়ারম্যান কল্যাণ রুদ্র জানিয়েছেন, দূষণজনিত ক্ষয়ক্ষতির মাত্রায় ফারাক থাকলে জনস্বাস্থ্যের ওপর প্রভাবও আলাদা হবে। পর্ষদের সংগৃহীত সমীক্ষা তথ্য কলেজ ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের সঙ্গে ভাগ করে নেওয়া হবে, যাতে তাঁরা বিশ্লেষণ করে প্রয়োজনীয় পরামর্শ দিতে পারেন।

বর্তমানে রাজ্য জুড়ে ৪০০টি পর্যবেক্ষণ কেন্দ্র ১৫ মিনিট অন্তর দূষণ সংক্রান্ত তথ্য সংগ্রহ করছে। এই বিপুল তথ্যভান্ডার বিশ্লেষণে সহায়তা করছে কলম্বিয়া বিশ্ববিদ্যালয়ের পরিষ্কার বায়ু উদ্যোগের গবেষকরা। তথ্যের মান যাচাই থেকে নীতি নির্ধারণে পরামর্শ, সব ক্ষেত্রেই তাঁরা সহযোগিতা করছেন। কল্যাণ রুদ্র আরও জানান, গত কয়েকশো বছরে কার্বন ডাই-অক্সাইড বৃদ্ধির সঙ্গে তাপমাত্রা বৃদ্ধির ফলে পরিবেশগত ভারসাম্যে বড় পরিবর্তন এসেছে। ফসলের ক্ষতি, ঘূর্ণিঝড়ের বৃদ্ধি এবং জীববৈচিত্র্যের হ্রাস তারই ফল।

২০১৯ সালে জাতীয় পরিচ্ছন্ন বায়ু কর্মসূচির অধীনে দূষণ নিয়ন্ত্রণের পদক্ষেপ শুরু করার সময় কলকাতায় বার্ষিক গড় পিএম দশ মাত্রা ছিল ১৪৭। ২০২৫ সালে তা নেমে এসেছে ৯৪,এ। তবে পর্ষদের বিজ্ঞানীদের মতে, আত্মতুষ্টির কোনও সুযোগ নেই। দীর্ঘমেয়াদি ধারাবাহিক পদক্ষেপই দূষণ নিয়ন্ত্রণে কার্যকর হতে পারে।

# পানিহাটিতে যুবককে পিটিয়ে হত্যার অভিযোগে গ্রেপ্তার মূল অভিযুক্ত

**নিজস্ব প্রতিবেদন, ব্যারাকপুর:** এক মূক ও বধির যুবককে পিটিয়ে গায়ে গরম জল ঢেলে হত্যার অভিযোগ উঠল স্থানীয় এক পরিবারের বিরুদ্ধে। ঘোলা থানার পানিহাটি পুরসভার ৩৫ নম্বর ওয়ার্ডের নমাজ পাড়ার ঘটনা। মৃতের নাম আশিক মণ্ডল ( ৩০)। এই ঘটনায় পুলিশ মূল অভিযুক্ত-সহ দু'জনকে গ্রেপ্তার করেছে।



স্থানীয় সূত্রে জানা গিয়েছে, গত ২৬ জানুয়ারি আশিককে মারধোর করে স্থানীয় নাটাগড় বড়ুয়া পাড়ার বাসিন্দা একটি পরিবারের সদস্যরা। অসুস্থ হয়ে পড়লে তাঁকে প্রথমে পানিহাটি রাজ্য সাধারণ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। অবস্থার অবনতি হলে পরবর্তীতে তাঁকে কামারহাটির সাগর দত্ত হাসপাতালে ভর্তি করা হয়েছিল। সোমবার সকালে তাঁর মৃত্যু হয়। ওই যুবকের মৃত্যুর খবর ছড়িয়ে পড়তেই সোমবার দফায় দফায় উত্তেজনা ছড়ায়। ঘটনায় জড়িতদের গ্রেপ্তারের দাবিতে ওইদিন রাতে কল্যাণী এক্সপ্রেসওয়ে অবরোধ করে টায়ার জ্বালিয়ে বিক্ষোভ দেখান ক্ষুব্ধ মানুষজন। অবশেষে ঘোলা থানার পুলিশের হস্তক্ষেপে বিক্ষোভকারীরা অবরোধ প্রত্যাহার করে নেন।

পুলিশ জানিয়েছে, নমাজ পাড়ার বাসিন্দা রাজু মণ্ডল গত ৩০ জানুয়ারি অভিযোগ দায়ের করেন বাচ্চু বড়ুয়া ও হিমাদ্রি বড়ুয়ার বিরুদ্ধে। অভিযোগে তিনি উল্লেখ করেন, এঁরা দু'জন তাঁর ভাই আশিক মন্ডলকে প্রচন্ড মারধোর করেছে। অভিযোগের ভিত্তিতে ওইদিন হিমাদ্রি বড়ুয়াকে গ্রেপ্তার করা হয়। পুলিশ আরও জানিয়েছে, কামারহাটির সাগরদত্ত হাসপাতালে চিকিৎসাধীন থাকাকালীন সোমবার সকালে তাঁর মৃত্যু হয়েছে। ওইদিন রাতে অমল কুমার বড়ুয়া ওরফে বাচ্চুকে গ্রেপ্তার করা হয়েছে। এই ঘটনা নিয়ে পানিহাটির পুরপ্রধান সোমনাথ দে বলেন, পুলিশের প্রতি তাদের আস্থা রয়েছে। দোষীরা অবশ্যই শাস্তি পাবে।

# বিধানসভার একাধিক গুরুত্বপূর্ণ সংসদীয় কমিটিতে সদস্য পার্থ

**নিজস্ব প্রতিবেদন:** শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় দীর্ঘ কারাবাসের পর জামিন পেয়ে ফের তৃণমূল কংগ্রেস পরিষদীয় দলে সক্রিয় ভূমিকা নিতে চলেছেন প্রাক্তন শিক্ষা ও পরিষদীয় মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়। বিধানসভার একাধিক গুরুত্বপূর্ণ সংসদীয় কমিটিতে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে বেহালা পশ্চিমের এই বিধায়ককে।



বিধানসভা সূত্রে জানা গিয়েছে, সম্প্রতি বিভিন্ন স্থায়ী ও অস্থায়ী কমিটির প্রশাসনিক পুনর্বিন্যাস করা হয়েছে। সেই প্রক্রিয়ার অংশ হিসেবেই তাঁকে বিধানসভার লাইব্রেরি কমিটির সদস্য করা হয়েছে। পাশাপাশি আবাসন, অগ্নিনির্বাপণ ও বিপর্যয় মোকাবিলা সংক্রান্ত স্ট্যান্ডিং কমিটিতেও সদস্য মনোনীত হয়েছেন তিনি। বিধায়ক হিসেবে এই কমিটিগুলির মাধ্যমে সরকারি কাজের তদারকি ও সংসদীয় আলোচনায় অংশ নেওয়ার সুযোগ পাবেন।

দীর্ঘ সময় তিনি রাজ্যের মন্ত্রিসভার গুরুত্বপূর্ণ সদস্য এবং পরিষদীয় মন্ত্রী হিসেবে দায়িত্ব পালন করেছেন। বিধানসভার প্রচলিত নিয়ম অনুযায়ী, ক্ষমতাসীন মন্ত্রীদের সাধারণত স্থায়ী বা স্ট্যান্ডিং কমিটির সদস্য করা হয় না। সেই কারণেই এত দিন বিধায়ক হয়েও কোনও কমিটির সদস্য তালিকায় তাঁর নাম ছিল না।

২০২২ সালে নিয়োগ দুর্নীতি মামলায় ইডির হাতে গ্রেপ্তার হওয়ার পর তাঁর মন্ত্রিত্ব খারিজ হয়। দল থেকেও সাময়িক ভাবে দূরে সরে যেতে হয়েছিল তাঁকে। বর্তমানে তিনি কোনও সরকারি দফতরের দায়িত্বে নেই। ফলে বিধায়ক হিসেবে কমিটির সদস্য হতে আর কোনও বিধিনিষেধ রইল না বলেই বিধানসভা সূত্রের ব্যাখ্যা।

# বাংলার মানুষকে মুক্ত করাই বিজেপির লক্ষ্য: বিপ্লব দেব

**নিজস্ব প্রতিবেদন:** মঙ্গলবার রাজ্য বিধানসভাতে এসে দলীয় বিধায়কদের সঙ্গে রুদ্ধদ্বার বৈঠক করেন ত্রিপুরার প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা সাংসদ বিপ্লব দেব। এদিন ত্রিপুরার সাংসদ ও প্রাক্তন মুখ্যমন্ত্রী বিপ্লব দেবের সাম্প্রতিক বক্তব্য ঘিরে রাজনৈতিক মহলে নতুন করে আলোচনা শুরু হয়েছে। তিনি বাংলার মানুষের প্রসঙ্গ টেনে সরব হন এবং তাঁদের সামাজিক ও অর্থনৈতিক মুক্তির কথা জোরের সঙ্গে তুলে ধরেন।

বিপ্লব দেবের বক্তব্য, 'বাংলার মানুষ, তাদের ছেলেমেয়েরা এবং বিশেষ করে নারীদের জীবিকা, এই সবকিছুর মুক্তিই আমাদের প্রধান লক্ষ্য।' তাঁর দাবি, কেবল প্রতিশ্রুতি নয়, বাস্তব কাজের মাধ্যমেই এই লক্ষ্য পূরণ করা হবে। তিনি বলেন, 'আমরা সেখানে যাব, কাজ করব এবং



আমাদের সমাজের মানুষের জন্যও একইভাবে লড়াই করব।'

প্রাক্তন মুখ্যমন্ত্রীর কথায়, স্বাধীনতা মানে শুধু রাজনৈতিক অধিকার নয়, সামাজিক নিরাপত্তা ও মর্যাদার জীবনও বটে। সেই প্রসঙ্গেই তাঁর মন্তব্য, 'আমরা চাই মানুষ সত্যিকারের মুক্ত হোক।' তিনি আরও দাবি করেন, বর্তমানে যাঁরা সরকার পরিচালনার দায়িত্বে আছেন, তাঁরা সেই দিকেই কাজ করছেন।

ত্রিপুরা প্রসঙ্গেও নিজের অবস্থান স্পষ্ট করে বিপ্লব দেব বলেন, 'আমরা এখানে রাজ্যের পাশে দাঁড়াতেই এসেছি।' তাঁর সংযোজন, 'ও বুঝেছে আমরা কী বলতে চাই।' এই বক্তব্যকে কেন্দ্র করে সমর্থক শিবিরে উৎসাহ বাড়লেও, বিরোধী মহলে নানা প্রশ্ন উঠতে শুরু করেছে। রাজনৈতিক বিশ্লেষকদের মতে, এই মন্তব্য আগামী দিনে বৃহত্তর রাজনৈতিক বার্তার ইঙ্গিতও দিতে পারে।



## নিয়োগ চাই, বিজেপি তাই!

ধর্মতলায় ভারতীয় জনতা যুব মোর্চার 'চাকরি চায় বাংলা' কর্মসূচিতে উপস্থিত আছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এবং যুব মোর্চার রাজ্য সভাপতি ডাঃ ইন্দ্রনীল খাঁ, শঙ্কর ঘোষ, তমঘ্ন ঘোষ, মিনা দেবী পুরোহিত-সহ অন্যান্যরা।

# রাজ্য বিধানসভার অন্তর্বর্তী বাজেট অধিবেশনের সূচনা

**নিজস্ব প্রতিবেদন:** প্রথামাফিক শোক প্রস্তাব গ্রহণের মধ্য দিয়ে মঙ্গলবার রাজ্য বিধানসভার অন্তর্বর্তী বাজেট অধিবেশনের সূচনা হল। এটিই সপ্তদশ বিধানসভার শেষ অধিবেশন।

মঙ্গলবার প্রথা মাফিক শোক প্রস্তাব গ্রহণের মধ্য দিয়ে অন্তর্বর্তী বাজেট অধিবেশনের সূচনা হয়। শুরুতেই অধিবেশন যাতে সুষ্ঠু ভাবে সম্পন্ন হয়, সে বিষয়ে সব পক্ষের বিধায়কদের কাছে আবেদন জানান অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। দলমত নির্বিশেষে সদস্যদের উপস্থিত থেকে সব কর্মসূচিতে অংশ নেওয়ার অনুরোধও করেন তিনি। সদ্য প্রয়াত রাজনীতি, শিল্প, সংস্কৃতি ও বিনোদন জগতের বিশিষ্ট ব্যক্তিদের উদ্দেশ্যে শোক প্রস্তাব পাঠ করেন অধ্যক্ষ। বারামতিতে বিমান দুর্ঘটনায় নিহত মহারাষ্ট্রের উপমুখ্যমন্ত্রী ও এনসিপি নেতা অজিত পাওয়ার, বাংলাদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী খালেদা জিয়া, চলচ্চিত্র জগতের নক্ষত্র ধর্মেন্দ্র, রবীন্দ্রসঙ্গীত শিল্পী অর্ঘ্য সেন, বর্তমান রাজ্য বিধানসভার সদস্য জফিকুল ইসলাম সহ প্রয়াত বিশিষ্টজনদের স্মরণে শোক জ্ঞাপন করা হয়।

এরপর অধ্যক্ষ দিনের মতো অধিবেশন মুলতুবি ঘোষণা করেন। বৃহস্পতিবার দুপুর সাড়ে বারোটায় রাজ্যপালের অভিভাষণের মধ্য দিয়ে ফের অধিবেশনের সূচনা হবে। ওই দিন দ্বিতীয়ার্ধে রাজ্যের অন্তর্বর্তী বাজেট পেশ করবেন অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য। এবারের অধিবেশন চলবে আগামী সোমবার পর্যন্ত।

একদিন

আমার শহর

কলকাতা ৪ ফেব্রুয়ারি ২০২৬, ২১ মাঘ ১৪৩২ বুধবার

# জেলে যাওয়ার ভয়েই মিথ্যে বলা হয়েছে: শুভেন্দু

## ‘পার্থকে প্রার্থী করলেও অবাক হওয়ার কিছু থাকবে না’

**নিজস্ব প্রতিবেদন:** আইপ্যাকের ‘সবুজ ফাইল’ মামলায় রাজ্যের জমা দেওয়া হলফনামা খতিয়ে দেখতে সুপ্রিম কোর্টে সময় চাওয়ায় রাজনৈতিক উত্তাপ নতুন মাত্রা পেল। ইডির আবেদনের প্রেক্ষিতে সরব হয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে একের পর এক গুরুতর অভিযোগ তুলে ধরেন তিনি।

শুভেন্দুর দাবি, মুখ্যমন্ত্রী নিজের বক্তব্যেই ধরা পড়ে গিয়েছেন। তাঁর কথায়, ‘হলফনামায় বলা হয়েছে, ইডি অফিসারের সঙ্গে কথা বলে নথি নেওয়া হয়েছিল। অথচ ৮ জানুয়ারি আইপ্যাক দপ্তরের বাইরে দাঁড়িয়ে মুখ্যমন্ত্রী বলেছিলেন, ‘আমি সব নিয়ে নিয়েছি, নিয়ে যেতে দিইনি।’ তখন কোথাও অনুমতির কথা ছিল না।’ বিরোধী দলনেতার যুক্তি, ওই দিনের বক্তব্য ছিল সম্পূর্ণ ‘সেলফ ডিক্লেয়ারেশন’, যা হলফনামার সঙ্গে সাংঘর্ষিক।

এখানেই থামেননি তিনি। কটাক্ষ করে শুভেন্দু বলেন, ‘জেলে যাওয়ার ভয়েই মিথ্যে বলা হয়েছে। হলফনামা আর ভিডিও একসঙ্গে দেখলে বাচ্চা ছেলেও বুঝবে কোথায় গরমিল।’ আরও বিস্ফোরক অভিযোগ তুলে তিনি দাবি করেন, ‘ভিডিওতেই মুখ্যমন্ত্রী স্বীকার করেছেন, ফাইল, মোবাইল, এমনকি ল্যাপটপও নিয়ে নেওয়া হয়েছে।’ এসআইআর প্রসঙ্গেও মুখ্যমন্ত্রীকে কাঠগড়ায় তুলে শুভেন্দুর মন্তব্য, ‘নির্বাচন কমিশন তৃণমূলের প্যাডে লেখা চিঠির উত্তর দিতে বাধ্য নয়।’ তাঁর



দাবি, ভয় থেকেই এসআইআর প্রক্রিয়া ঘোলাটে করতে মিথ্যের আশ্রয় নিচ্ছে শাসক দল।

এদিকে, নিয়োগ সংক্রান্ত দুর্নীতি মামলায় অন্যতম অভিযুক্ত হিসেবে পরিচিত পার্থ বর্তমানে জামিনে মুক্ত। সেই অবস্থাতেই তাঁকে বিধানসভার লাইব্রেরি কমিটির সদস্য করা হয়েছে। পাশাপাশি আবাসন, অগ্নিনির্বাপণ ও বিপর্যয় মোকাবিলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটিতেও তাঁর নাম যুক্ত হয়েছে। এই সিদ্ধান্ত সামনে আসতেই বিরোধী শিবিরের কটাক্ষ তীব্র হয়েছে। বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সরাসরি আক্রমণ শানিয়ে বলেন, ‘এভাবে দায়িত্ব দিলে আগামী বিধানসভা ভোটে তৃণমূল যদি পার্থ চট্টোপাধ্যায়কে প্রার্থী করে, তাতেও অবাক হওয়ার কিছু থাকবে না।’ তাঁর অভিযোগ, ‘যাঁদের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ আছে, অথচ তাঁরা দলের প্রতি অনুগত, তাঁদেরই পুরস্কৃত করা হয়।’

এই প্রসঙ্গে শুভেন্দু কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সাম্প্রতিক মন্তব্যের কথা তুলে ধরেন। তিনি বলেন, ‘আমার নেতা অমিত শাহ স্পষ্ট বলেছিলেন, ‘তৃণমূল মানেই দুর্নীতি’। আজকের ঘটনায় সেটাই প্রমাণিত।’ উদাহরণ হিসেবে অনুব্রত মণ্ডলের প্রসঙ্গ টেনে শুভেন্দুর মন্তব্য, ‘যাঁরা অসামাজিক কাজ করে, তাঁদেরই সম্মান ও সুযোগ দেওয়া হয়, এটাই তৃণমূলের রাজনীতি।’ পার্থকে ঘিরে এই সিদ্ধান্ত রাজ্যের রাজনীতিতে নতুন করে বিতর্কের আগুনে ঘি ঢালল বলেই মত রাজনৈতিক মহলের।

# এসআইআর নিয়ে কমিশনকে ফের অভিষেকের তোপ

**নিজস্ব প্রতিবেদন:** নির্বাচন কমিশন নিয়ে প্রকাশ্য ক্ষোভ প্রকাশ করলেন অভিষেক বন্দ্যোপাধ্যায়। তিনি অভিযোগ করেন, ‘জনতার ভোটে নির্বাচিত মুখ্যমন্ত্রী হয়েও ছ’বার চিঠি পাঠানোর পরও কমিশন কোনও প্রতিক্রিয়া দেয়নি। শুধু প্রতিক্রিয়া নয়, এমনকি গ্রহণের স্বীকৃতিও দেওয়া হয়নি।’

অভিষেকের দাবি, এ বিষয়ে তাদের লক্ষ্য কোনও ব্যক্তির বিরুদ্ধে নয়, বরং ‘অপরিকল্পিত’ পদ্ধতিতেই সমস্যা দেখা দিয়েছে। তিনি বলেন, ‘যদি এই ব্যবস্থা কার্যকর করতে হতো, তাহলে ২০২৪-এর এপ্রিল থেকে কেন কাজ শুরু করা হয়নি? তখন তো কোনো নির্বাচন ছিল না।’ তাঁর মতে, পর্যাপ্ত সময় থাকলে একটি কার্যকর অ্যাপ তৈরি করে কাজটি সুষ্ঠুভাবে করা যেত।

তিনি আরও স্পষ্ট করে বলেন, ‘নোটিফিকেশন এসেছে ২৫ সেপ্টেম্বর, কিন্তু পরিকল্পনার অভাবে সমস্যার সৃষ্টি হয়েছে।’ অভিষেক বন্দ্যোপাধ্যায় কমিশনের কার্যপ্রণালীকে প্রশ্নবিদ্ধ করে সাধারণ নাগরিকদের সময় ও সুষ্ঠু প্রক্রিয়ার প্রতি গুরুত্বারোপ করেছেন। রাজনীতিক বিশ্লেষকরা বলছেন, এটি শুধু প্রশাসনিক প্রশ্ন নয়, জনগণের স্বচ্ছ ও সঠিক ভোটাধিকার রক্ষা সম্পর্কিত বিষয়ও। কমিশনের দীর্ঘ নিরবতা ও দেরিতে পদক্ষেপকে রাজনৈতিক স্তরে নজর দেওয়া হচ্ছে। অভিষেকের বক্তব্যে দেখা যাচ্ছে, সরকারি কার্যক্রমে সময়ানুবর্তিতা ও পরিকল্পনার ঘাটতি রাজনৈতিক প্রেক্ষাপটেও বিতর্কের সৃষ্টি করতে পারে।



*পাটুলি মেলার মাঠে চলছে খাদি মেলা ২০২৬।* *ছবি: অদিতি সাহা*

# ভারত-মার্কিন বাণিজ্যে নয়া অধ্যায়, প্রশংসায় শমীক

**নিজস্ব প্রতিবেদন:** ভারত ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে সদ্য স্বাক্ষরিত বাণিজ্য সমঝোতাকে ঐতিহাসিক আখ্যা দিয়ে মঙ্গলবার প্রতিক্রিয়া দিলেন বিজেপি নেতা শমীক ভট্টাচার্য। এদিন নিজের বক্তব্যে তিনি দুই দেশের নেতৃত্ব ও জনগণকে অভিনন্দন জানিয়ে বলেন, এই চুক্তি কেবল অর্থনৈতিক নয়, কূটনৈতিক দিক থেকেও তাৎপর্যপূর্ণ।

শমীক ভট্টাচার্যের কথায়, ঁদুটি স্বাধীন ও সার্বভৌম রাষ্ট্র পারস্পরিক স্বার্থ বজায় রেখেই এই বোঝাপড়ায় পৌঁছেছে, এটাই এই চুক্তির সবচেয়ে বড় শক্তি।দ তাঁর মতে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারতের অবস্থান ছিল সুস্পষ্ট ও আত্মবিশ্বাসী,



যার ফলেই দেশের স্বার্থ অক্ষুণ্ণ রেখে এই সমঝোতা সম্ভব হয়েছে। একই সঙ্গে মার্কিন প্রশাসনের বাস্তববাদী সিদ্ধান্তের কথাও তিনি উল্লেখ করেন।

নতুন চুক্তির ফলে শুল্কহার উল্লেখযোগ্যভাবে কমায় ভারতীয় রপ্তানি ক্ষেত্র সরাসরি উপকৃত হবে বলে দাবি করেন শমীক। তাঁর বক্তব্য, জুয়েলারি, বস্ত্র এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্পের জন্য এটি বড় সুযোগ। উৎপাদন বাড়বে, নতুন কাজের ক্ষেত্র তৈরি হবে। তিনি আরও জানান, এই সিদ্ধান্ত দুই দেশের অর্থনৈতিক সম্পর্ককে আরও গভীর করবে।

বক্তব্যের শেষে শমীক ভট্টাচার্য বলেন, এই সমঝোতা শান্তি ও উন্নয়নের পথে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। ভবিষ্যতে এমন সহযোগিতা বিশ্বকে আরও স্থিতিশীল ও সমৃদ্ধ করবে।

# সীমান্ত সুরক্ষায় রাজ্যের গড়িমসি

## জাতীয় নিরাপত্তা নিয়ে প্রশ্ন শুভেন্দুর

**নিজস্ব প্রতিবেদন:** পশ্চিমবঙ্গে ভারত-বাংলাদেশ সীমান্তে ফেন্সিংয়ের কাজ দীর্ঘদিন ধরে ঝুলে থাকায় জাতীয় নিরাপত্তা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। মঙ্গলবার সল্টলেকের রাজ্য বিজেপি দপ্তরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি রাজ্য সরকারের ভূমিকা নিয়ে তীব্র প্রশ্ন তোলেন।



তিনি জানান, দেশের মোট ভারত-বাংলাদেশ সীমান্তের একটি বড় অংশ পশ্চিমবঙ্গের সঙ্গে যুক্ত হলেও এখানেই ফেন্সিং ও নিরাপত্তা ব্যবস্থার কাজ অসম্পূর্ণ। তাঁর অভিযোগ, ‘দেশের অন্য সীমান্তবর্তী রাজ্যগুলিতে যেখানে প্রায় পুরো কাজ শেষ, সেখানে পশ্চিমবঙ্গে পরিকল্পিত ভাবে বাধা সৃষ্টি করা হচ্ছে।’ শুভেন্দুর দাবি, সীমান্ত সুরক্ষার জন্য জমি দেওয়া রাজ্য সরকারের আইনগত দায়িত্ব হলেও সেই দায়িত্ব পালনে ইচ্ছাকৃত অনীহা দেখানো হচ্ছে।

বিরোধী দলনেতা বলেন, ‘অবৈধ অনুপ্রবেশ বা জাল নথির প্রসঙ্গ উঠলেই রাজ্য সরকার বিএসএফের দিকে আঙুল তোলে, অথচ বাস্তব সত্য আড়াল করে।’ তিনি আরও উল্লেখ করেন, কেন্দ্র একাধিকবার চিঠি ও বৈঠকের মাধ্যমে সহযোগিতা চাইলেও রাজ্যের পক্ষ থেকে সাড়া মেলেনি।

কলকাতা হাই কোর্টের নির্দেশের কথা তুলে ধরে শুভেন্দু অধিকারীর বক্তব্য, আদালত স্পষ্ট সময়সীমা বেঁধে দিয়েছে, তবু কাজ এগোচ্ছে না, এটা অত্যন্ত আশঙ্কাজনক। তাঁর আশঙ্কা, এই বিলম্বের সুযোগে অবৈধ অনুপ্রবেশ বাড়তে পারে, যা দেশের নিরাপত্তার পক্ষে মারাত্মক। শেষে তিনি রাজ্য সরকারের কাছে আহ্বান জানান, রাজনীতির ঊর্ধ্বে উঠে জাতীয় স্বার্থে অবিলম্বে সীমান্ত ফেন্সিংয়ের জন্য প্রয়োজনীয় জমি দিন।

# চিংড়িঘাটার জটেই থমকে বিমানবন্দর মেট্রো



**নিজস্ব প্রতিবেদন:** কলকাতা মেট্রোর অরেঞ্জ লাইনের সম্প্রসারণ ঘিরে ফের তীব্র অসন্তোষ প্রকাশ করল রেল মন্ত্রক। চিংড়িঘাটার অমীমাংসিত জটের জেরে গুরুত্বপূর্ণ অংশের কাজ আটকে থাকায় শহরবাসী বহুদিনের প্রত্যাশিত বিমানবন্দর সংযোগ থেকে বঞ্চিত হচ্ছেন বলে সোমবার রেল বাজেট সংক্রান্ত বৈঠকে স্পষ্ট ভাষায় জানান কেন্দ্রীয় রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব।

রেল সূত্রে জানা গিয়েছে, রুবি মোড় থেকে বেলেঘাটা মেট্রোপলিটন স্টেশন পর্যন্ত পরিষেবা চালু হলেও মাত্র ৩৬৬ মিটার চিংড়িঘাটা অংশের কাজ শুরু না-হওয়ায় পুরো রুটটি এখনও অসম্পূর্ণ। এই অংশ শেষ হলে নিউ গড়িয়া থেকে জয় হিন্দ বিমানবন্দর পর্যন্ত একটানা মেট্রো যাত্রা সম্ভব হতো।

এই প্রসঙ্গে অশ্বিনী বৈষ্ণব বলেন, আদালতের নির্দেশ থাকা সত্ত্বেও রাজ্য সরকারের অনুমতি মিলছে না। দেড় বছর ধরে কাজ শুরু করা যাচ্ছে না, যা অত্যন্ত দুর্ভাগ্যজনক। তাঁর দাবি, প্রয়োজনীয় বিকল্প রাস্তার ব্যবস্থাও আগেই করা হয়েছে। মেট্রোরেলের জেনারেল ম্যানেজার এসএস মিশ্রও একই সুরে হতাশা প্রকাশ করেন। তিনি বলেন, গত বছরের নভেম্বরেই কাজ শুরুর কথা ছিল। অনুমতি না-থাকায় সময়সীমা বলা সম্ভব নয়। বাস্তবসম্মত ভাবে ধরলে ২০২৮ সালের মাঝামাঝি এই কাজ শেষ হতে পারে। তাঁর আরও বক্তব্য, হাইকোর্ট নির্দিষ্ট দিন জানাতে বললেও রাজ্যের তরফে এখনও সবুজ সঙ্কেত মেলেনি। ফলে শহরের অন্যতম গুরুত্বপূর্ণ মেট্রো করিডর কবে সম্পূর্ণ হবে, সেই প্রশ্ন থেকেই যাচ্ছে।

# ইভিএম-ভিভিপ্যাট ব্যবহারে সচেতনতা বাড়াতে উদ্যোগ

**নিজস্ব প্রতিবেদন:** আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে ইভিএম ও ভিভিপ্যাট ব্যবহারের বিষয়ে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা বাড়াতে বিশেষ উদ্যোগ নিল মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর। ফার্স্ট লেভেলে চেকিং প্রক্রিয়া সম্পূর্ণ হওয়ার পর প্রশিক্ষণ ও সচেতনতা কর্মসূচির জন্য ৬২৫৯টি ব্যালট ইউনিট, ৬২৫৯টি কন্ট্রোল ইউনিট এবং ৬২৫৯টি ভিভিপ্যাট আলাদা করে রাখা হয়েছে। যেগুলি মানুষের সচেতনতা প্রচারে ব্যবহার করা হবে। জেলা নির্বাচন আধিকারিক এবং রিটার্নিং আধিকারিকদের দপ্তরে ইভিএম প্রদর্শনী কেন্দ্র খোলা হয়েছে, যেখানে সাধারণ মানুষ সরাসরি দেখে বুঝতে পারছেন কী ভাবে ইভিএম ও ভিভিপ্যাটে ভোট দিতে হয়। পাশাপাশি রাজ্য জুড়ে ২৯৪টি ভ্রাম্যমাণ প্রদর্শনী ভ্যান নামানো হয়েছে, যা বিভিন্ন বুথ ও ক্লাস্টারে ঘুরে সচেতনতা কর্মসূচি চালাচ্ছে।এখনও পর্যন্ত এই ভ্রাম্যমাণ প্রদর্শনী ভ্যান ৪৬১৭টি ভোটকেন্দ্র এলাকায় পৌঁছেছে। ২৩,১৯২ জন মানুষ সরাসরি এই প্রদর্শনী দেখেছেন এবং ১৯,৭৯৫ জন অংশ নিয়েছেন মক পোল প্রক্রিয়ায়।নির্বাচন ঘোষণা হওয়া পর্যন্ত এই সচেতনতা কর্মসূচি চলবে। এরপর শুধুমাত্র ডিজিটাল মাধ্যমে সচেতনতা কর্মসূচি চালানো হবে বলে জানানো হয়েছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে।

## গোলপার্কে হিংসা মামলায় জালে আরও ৪

**নিজস্ব প্রতিবেদন:** গোলপার্কে রবিবার সন্ধ্যার হিংসাত্মক ঘটনার তদন্তে ফের গুরুত্বপূর্ণ অগ্রগতি হল। গুলি চালানো, বোমা ছোড়া ও ধারালো অস্ত্র নিয়ে হামলার অভিযোগে সোমবার গভীর রাতে আরও চারজনকে গ্রেপ্তার করেছে কলকাতা পুলিশ। এর আগে একই দিনে সকালে দশজনকে আটক করা হয়েছিল। সব মিলিয়ে এই ঘটনায় এখনও পর্যন্ত ধৃতের সংখ্যা পৌঁছল চোদ্দোয়।

রবীন্দ্র সরোবর থানার আওতায় দায়ের হওয়া দু’টি পৃথক মামলার সূত্র ধরেই এই গ্রেপ্তারি বলে পুলিশ সূত্রে খবর। ধৃতদের পুলিশ হেফাজতে নিয়ে জিজ্ঞাসাবাদ শুরু হয়েছে। তদন্তকারীদের ধারণা, এদের কাছ থেকে পাওয়া তথ্যের ভিত্তিতে ঘটনার নেপথ্যে থাকা মূল পরিকল্পনাকারীদের চিহ্নিত করা সম্ভব হবে। এই প্রসঙ্গে কলকাতা পুলিশের গোয়েন্দা প্রধান রূপেশ কুমার বলেন, ঘটনার সমস্ত দিক খতিয়ে দেখা হচ্ছে। এলাকায় তল্লাশি চলছে এবং কাউকেই ছাড়া হবে না। তাঁর কথায় স্পষ্ট, তদন্তে কোনও শৈথিল্য রাখা হবে না।

# কনস্টেবল নিয়োগে স্বচ্ছতার নির্দেশ, নম্বর-সহ তালিকা প্রকাশে ডেডলাইন

**নিজস্ব প্রতিবেদন:** রাজ্য পুলিশের কনস্টেবল নিয়োগ প্রক্রিয়ায় স্বচ্ছতা বজায় রাখতে গুরুত্বপূর্ণ নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ সব প্রার্থীর প্রাপ্ত নম্বর ও সংরক্ষিত শ্রেণির উল্লেখসহ বিস্তারিত তালিকা আগামী সাত দিনের মধ্যে প্রকাশ করতে রাজ্যকে নির্দেশ দিয়েছে বিচারপতি সৌগত ভট্টাচার্যের বেঞ্চ।



আদালতে দায়ের হওয়া একাধিক মামলায় অভিযোগ ওঠে, উত্তীর্ণদের নামের তালিকা প্রকাশ করা হলেও সেখানে প্রয়োজনীয় তথ্য অনুপস্থিত। মামলাকারীদের দাবি, নম্বর ও শ্রেণিভিত্তিক তথ্য না থাকায় নিয়োগ প্রক্রিয়া নিয়ে প্রশ্ন তৈরি হচ্ছে। সেই প্রেক্ষিতেই আদালত এই নির্দেশ দেয়।

মামলাকারীদের আইনজীবী অনিন্দ্য লাহিড়ী বলেন, ‘তথ্য গোপন থাকলে স্বচ্ছতা থাকে না। প্রার্থীরা জানতে চান, কোন ভিত্তিতে তাঁরা সুযোগ পেয়েছেন।’ অন্যদিকে রাজ্যের পক্ষে আইনজীবী অমল কুমার সেন যুক্তি দেন, ‘নিয়োগ শেষ হওয়ার আগে নম্বর প্রকাশ হলে অপ্রয়োজনীয় জটিলতা বাড়তে পারে।’ তবে আদালত এই যুক্তিতে সন্তুষ্ট হয়নি। বিচারপতি ভট্টাচার্য স্পষ্ট করেন, লিখিত পরীক্ষায় উত্তীর্ণদের নম্বর প্রকাশে কোনও বাধা নেই। তাঁর মন্তব্য, ‘যোগ্যতা প্রমাণে ব্যর্থ হলে প্রার্থী বাদ পড়বেন, কিন্তু প্রক্রিয়াটি হতে হবে প্রকাশ্য ও বিশ্বাসযোগ্য।’

উল্লেখ্য, ২০২৪ সালের বিধি অনুযায়ী নিয়োগ বিজ্ঞপ্তির পর পরীক্ষা নেওয়া হয়। লিখিত পরীক্ষার পরে প্রায় ছ’হাজারের বেশি প্রার্থী শারীরিক পরীক্ষা ও দক্ষতা যাচাইয়ের ধাপে যান। তালিকার স্বচ্ছতা নিয়ে অভিযোগ উঠতেই আদালতের এই নির্দেশ।

## বঙ্গভবনের নিরাপত্তা জোরদার, বাড়ল রাজ্য পুলিশের উপস্থিতি

**নিজস্ব প্রতিবেদন: দিল্লিতে বঙ্গভবন ঘিরে নিরাপত্তা ব্যবস্থাকে নতুন করে ঢেলে সাজাল পশ্চিমবঙ্গ সরকার। দিল্লি পুলিশের ভূমিকা নিয়ে প্রকাশ্য অসন্তোষের পর এবার রাজধানীতে থাকা রাজ্যের দুই গুরুত্বপূর্ণ সরকারি ভবনে অতিরিক্ত রাজ্য পুলিশ মোতায়েনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। ইতিমধ্যেই একটি বিশেষ দল দিল্লিতে পৌঁছেছে।**

**নবান্ন সূত্রে জানা গিয়েছে, একজন ডিএসপি ও একজন ইন্সপেক্টরের নেতৃত্বে মোট ২২ জনের একটি বাহিনী পাঠানো হয়েছে। বিমানে আসনসংকটের কারণে একসঙ্গে না এসে ধাপে ধাপে দিল্লিতে পৌঁছচ্ছেন তাঁরা। সোমবার গভীর রাতে প্রথম দল পৌঁছয়, বাকিরা মঙ্গলবার সকালে রাজধানীতে যান।**

**এই মুহূর্তে দলীয় কর্মসূচিতে দিল্লিতে রয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর সঙ্গে রয়েছেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় এবং এসআইআর সংক্রান্ত ঘটনায় মৃত কয়েকজন বিএলওর পরিবার। তাঁদের রাখা হয়েছে চাণক্যপুরীর নতুন বঙ্গভবন ও হেলি রোডের পুরনো বঙ্গভবনে। এই পরিস্থিতিতে মুখ্যমন্ত্রী স্পষ্ট করে বলেন, তরাজ্যের প্রতিনিধিদের নিরাপত্তা নিয়ে কোনও রকম আপস করা হবে না। মঙ্গলবার ফের সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি জানান, রাজ্যের স্বার্থ রক্ষায় সরকার সর্বোচ্চ সতর্ক রয়েছে।**

# ফের বিতর্কিত মন্তব্য মনিরুলের

**নিজস্ব প্রতিবেদন:** ফরাক্কার বিডিও অফিসে অশান্তির ঘটনার পর রাজ্য রাজনীতিতে এক নতুন চর্চার জন্ম দিয়েছে তৃণমূল বিধায়ক মনিরুল ইসলামের নাম। সাড়ে চার বছরের বিধায়ক জীবনে নানা ওঠাপড়া থাকলেও, এই ঘটনাই নাকি তাঁকে আলাদা করে চেনাতে শুরু করেছে, এমনটাই মনে করছেন মনিরুল নিজে। ঘনিষ্ঠ মহলে তাঁর স্বীকারোক্তি, ‘এতদিনে অন্তত একটা কাজ করেছি, যেটা মানুষ বুঝেছে।’

এসআইআর সংক্রান্ত প্রক্রিয়া বানচাল করার কোনও উদ্দেশ্য তাঁর ছিল না বলেই দাবি বিধায়কের। ঘটনার পর লিখিত ব্যাখ্যা দিয়ে তিনি জানান, পরিস্থিতির চাপে ভুল হয়েছে। তবে রাজনৈতিক বাস্তবতা অন্য কথা বলছে। এলাকার একাংশ সাধারণ মানুষের বক্তব্য, ‘আমাদের সমস্যার কথাই বলতে গিয়েছিলেন বিধায়ক।’ এই সমর্থনই মনিরুলকে নতুন আত্মবিশ্বাস দিচ্ছে।

স্থানীয়দের চোখে তিনি এখন আর কেবল দলীয় নেতা নন, বরং ক্ষমতার দরজায় ধাক্কা দেওয়া এক প্রতিবাদী মুখ। সেই প্রসঙ্গেই মনিরুলের মন্তব্য, ‘মানুষ যদি ভাবে আমি তাদের হয়ে লড়েছি, সেটাই আমার সবচেয়ে বড় প্রাপ্তি।’ বিতর্কের মধ্যেই তাই নিজের রাজনৈতিক গ্রহণযোগ্যতাকে নতুন উচ্চতায় দেখতে শুরু করেছেন বিধায়ক।

# কেন্দ্রীয় অবজারভার নিয়ে চাপ বাড়ছে, অবশেষে কি রাজ্যের বাইরেই যেতে হবে!

**নিজস্ব প্রতিবেদন:** সময়ের কাঁটা দ্রুত এগোচ্ছে, কিন্তু এখনও নির্বাচন কমিশনের তরফে রাজ্যের আবেদনের কোনও স্পষ্ট জবাব মেলেনি। ফলে অনিশ্চয়তার মধ্যেই পশ্চিমবঙ্গের একাধিক শীর্ষ প্রশাসনিক আধিকারিককে দিল্লি যাওয়ার প্রস্তুতি নিতে হচ্ছে। কমিশনের নির্দেশ অনুযায়ী ফেব্রুয়ারির ৫ ও ৬ তারিখ দিল্লিতে প্রশিক্ষণ ও ব্রিফিংয়ে হাজির থাকার কথা তালিকাভুক্ত আধিকারিকদের।

নবান্ন সূত্রে জানা গিয়েছে, নির্ধারিত সময়ের মধ্যে রাজ্যের আবেদন বিবেচিত না হলে তালিকাভুক্ত সব আইএএস ও আইপিএস আধিকারিককেই রাজধানীতে যেতে হবে। কমিশনের কর্মসূচি অনুযায়ী, ৫ ও ৬ ফেব্রুয়ারির ব্রিফিংয়ে উপস্থিত থাকতে বলা হয়েছে ১০ জন আইপিএস অফিসারকে। পাশাপাশি ৬ তারিখের বৈঠকে স্বরাষ্ট্রসচিব-সহ ১৫ জন আইএএস অফিসারকে হাজির থাকতে নির্দেশ দেওয়া হয়েছে।


উল্লেখ্য, আসন্ন পাঁচ রাজ্যের বিধানসভা নির্বাচনকে সামনে রেখে পশ্চিমবঙ্গ থেকে ২৫ জন সিনিয়র আধিকারিককে কেন্দ্রীয় অবজারভার হিসেবে মনোনীত করে নির্বাচন কমিশন। তালিকায় রাজ্যের বর্তমান স্বরাষ্ট্রসচিবের নাম থাকায় আপত্তি তোলে নবান্ন। রাজ্যের যুক্তি, ভোটের মুখে এমন গুরুত্বপূর্ণ আধিকারিকদের বাইরে পাঠানো হলে আইনশৃঙ্খলা ও প্রশাসনিক সমন্বয় ব্যাহত হতে পারে।

রাজ্যের এক শীর্ষ আধিকারিকের মন্তব্য, এই মুহূর্তে স্বরাষ্ট্রসচিবের মতো পদে থাকা অফিসারকে বাইরে পাঠানো হলে পরিস্থিতি সামলানো কঠিন হবে। অন্যদিকে প্রশাসনিক মহলের একাংশের মতে, ভোটের আগে কেন্দ্র-রাজ্য টানাপোড়েন নতুন নয়, তবে এই সিদ্ধান্ত ব্যতিক্রমী। এখন দেখার, কমিশন শেষ মুহূর্তে রাজ্যের আবেদন কতটা গুরুত্ব দেয়।

# ভোরে কুয়াশা, দিনে রোদ, মাঘে তেমন বদল নয়

**নিজস্ব প্রতিবেদন:** মঙ্গলবার সকালে কুয়াশার চাদরে ঢেকে থাকবে শহর ও জেলার একাংশ, তবে বেলা বাড়তেই আকাশ পরিষ্কার হবে বলে পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। শীতের দাপট থাকলেও তা স্বাভাবিক সীমার মধ্যেই ঘোরাফেরা করবে। কলকাতা ও সংলগ্ন এলাকায় দিনের তাপমাত্রা থাকবে প্রায় ২৫ ডিগ্রি এবং রাতের পারদ নামবে ১৪ ডিগ্রির কাছাকাছি।

আবহাওয়াবিদ সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, আগামী সাত দিন দক্ষিণবঙ্গে মূলত শুষ্ক পরিস্থিতিই বজায় থাকবে। তাপমাত্রায় বড় কোনও অস্বাভাবিকতা নেই। তাঁর ব্যাখ্যা অনুযায়ী, আগামী তিন-চার দিনে সামান্য উষ্ণতা বাড়লেও



সপ্তাহের শেষে ফের ঠান্ডা বাড়ার ইঙ্গিত রয়েছে। তখন রাতের তাপমাত্রা ১৫ ডিগ্রির আশেপাশে ঘোরাফেরা করতে পারে।

পশ্চিমের জেলাগুলিতে রাতের শীত তুলনামূলক বেশি। কিছু এলাকায় পারদ ১৩ থেকে ১৫ ডিগ্রির মধ্যে থাকলেও সোমবার বীরভূম ও নদিয়ায় তা নেমেছিল ১১ ডিগ্রিতে। অন্যদিকে, উত্তরবঙ্গে শীত এখনও স্পষ্ট। দার্জিলিংয়ে তাপমাত্রা ৪ ডিগ্রির কাছাকাছি, জলপাইগুড়ি, কোচবিহার ও আলিপুরদুয়ারে রাতের ঠান্ডা ১১ ডিগ্রি ছুঁয়েছে।

আবহাওয়া দপ্তরের মতে, এই ওঠানামা ঋতিস্বাভাবিক। ফলে এবছর মাঘে কনকনে ঠান্ডার বদলে ধীরে ধীরে কমবেশি শীতই সঙ্গী হবে।

## সম্পাদকীয়

### এসটিটি-অপপ্রচার উড়িয়ে ফের চাঙ্গা শেয়ার বাজার, হাসি লগ্নিকারীদের মুখে

চলতি বাজেটে সিকিউরিটিজ ট্রানজাকশন ট্যাক্স বা এসটিটি কিছুটা বাড়ানো হয়েছে। রবিবার বাজেট পেশের পর কিছুটা ধাক্কা খায় শেয়ার বাজার। চলতি পরিস্থিতি থেকে একদিনেই বাজার পড়ে যাওয়ায় হই হই করে আসরে নেমে পড়েন বিরোধীরা। লগ্নিকারীদের একাংশও নিশানা করে এসটিটি-কেই। সবার দাবিই ছিল, এসটিটি বৃদ্ধির জন্যই এই হাল শেয়ার বাজারে। কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে এই অপপ্রচারে শান দিতে আসরে নেমে পড়ে বিরোধী রাজনৈতিক দলগুলিও। এক সুরে আক্রমণ করে মোদি সরকারকে। কিন্তু বাস্তবে কী দেখা গেল? বাজেটের পর ৪৮ ঘন্টাও কাটল না, ফের চাঙ্গা শেয়ার বাজার। গ্রাফ উর্ধ্বমুখী। একদিনেই প্রায় রেকর্ড করে ৩৫০০ পয়েন্টেরও বেশি উঠল সেনসেক্স। একই ছবি নিফটিতেও। একদিনে নিফটি উঠল প্রায় ১২০০ পয়েন্টেরও বেশি। যা বিরোধীদের মুখ বন্ধ করে দিয়েছে। শেয়ার বাজার চাঙ্গা হওয়ার পাশাপাশি দেশের অর্থনীতির জন্য আরও ভালো খবর রয়েছে। একই সঙ্গে ডলারের নিরিখে টাকার দামও বেড়েছে।সোমবার ডলার ৪৪ পয়সা পড়ে হয় ৯১.৪৯ টাকা। এরপর রাতে ইন্দো-মার্কিন বাণিজ্য চুক্তি ঘোষণা হতেই আরও ১.২ শতাংশ শক্তি বাড়ল টাকার। মঙ্গলবার ডলার ১.০৯ টাকা পড়ে হল ৯০.৪০ টাকা। এবার আসুন শেয়ার বাজারে।।সোমবার ৮১,৬৬৬.৪৬ পয়েন্টে বন্ধ হওয়ার পর সেনসেক্স ৩,৬০০ পয়েন্টের বেড়ে ৮৫,০০০ পয়েন্ট অতিক্রম করেছে। একইভাবে বাজেটের পরে ক্ষতিগ্রস্ত নিফটি সোমবারের ২৫, ০৮৮.৪০-এ বন্ধ হওয়ার পর এদিন তা ১,২০০ পয়েন্ট বৃদ্ধি পেয়েছে। যা প্রায় সব লগ্নিকারীদের মুখেই হাসি ফুটিয়েছে। এই দুটো তথ্যই প্রমাণ করে দিচ্ছে বিরোধীদের প্রচারের পুরোটাই ছিল বানানো এবং অন্তঃসার শূণ্য। মোদি সরকারের সঙ্গে রাজনৈতিক লড়াইয়ে বারবার হেরে ছত্রভঙ্গ বিরোধীদের হাতে এখন আর কিছুই নেই, তাই হাতিয়ার সেই অপপ্রচার। বেশি ব্যবহারে যার ধার ক্রমশ কমছে।

### শব্দছক ৬২

রবি দাস

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | | ২ | | ■ | ৩ | | ৪ |
| | ■ | | ■ | ৫ | | ■ | |
| ■ | ৬ | | ৭ | | ■ | ৮ | ■ |
| ৯ | | ■ | | ■ | ১০ | | |
| | ■ | ১১ | | ১২ | ■ | | ■ |
| ■ | ১৩ | | ■ | ১৪ | ১৫ | | ১৬ |
| ১৭ | ■ | ১৮ | | ■ | | ■ | |
| ১৯ | | | ■ | ২০ | | | ■ |

**পাশাপাশি:** ১. পাঁকে ফোটা সাদা ফুল ৩. নয়নাভিরাম ৫. জেল ৬. একাদশ বৎসর বয়স্কা ৯. চক্র ১০. আড়ালে ১১. জামা বন্ধের উপকরণ ১৩. রঙের উৎসব ১৪. পঞ্চকেদারের অন্যতম ১৮. সুন্দর ১৯. ভিখারী ২০. বিস্বাদ
**ওপর-নিচ:** ১. সাদা ২. ক্ষণভঙ্গুর ৩. মদ্য ৪. কলা ৫. বারাণসী ৬. একাকী ৭. প্রণয়িনী ৮. চালগুঁড়ি ভিজিয়ে নক্সা ৯. ছোট গাছ ১১. বড় বড় কথা ১২. শুষ্ক বালুকায় ভূমি ১৫. তরল বা পদার্থের মিশ্রিত তরল ১৬. ভারত-ভূমিতে মরুভূমি ১৭. না পুড়িয়ে তাপযোগে তৈরী

**সমাধান ৬১ — পাশাপাশি:** ১. পিরামিড ৩. তেতো ৫. মাতা ৬. রস ৮. অমা ১০. চেহারা ১২. সরোবর ১৪. তল ১৫. গাধা ১৬. বনতল ১৮. লুটেরি ১৯. লতা ২০. তক ২২. ভাত ২৩. কর্ম ১৪. মনোরম
**ওপর-নিচ :** ১. পিতা ২. ডর ৪. তোমরা ৫. মানস ৭. সচেতনতা ৮. অবধারিত ৯. মার ১১. হাতল ১৩. রোগাটে ১৬. বল ১৭. লম্বিত ১৮. লুব্ধক ২১. কম ২২. ভাম

### আজকের দিন

- ১৭৮৯ — জর্জ ওয়াশিংটন সর্বসম্মতিক্রমে প্রথম মার্কিন রাষ্ট্রপতি নির্বাচিত হন।
- ১৯৪৮ — সিলন (বর্তমানে শ্রীলঙ্কা) ব্রিটেনের কাছ থেকে স্বাধীনতা লাভ করে।
- ২০০৪ — মার্ক জুকারবার্গ ফেসবুক চালু করেন।

### জন্মদিন



১৮৮৯ *বিশিষ্ট লেখক মাখনলাল চতুর্বেদির জন্মদিন।*
১৯৪৬ *অর্থনীতিবিদ ও রাজনীতিবিদ অসীম দাশগুপ্তের জন্মদিন।*
১৯৬৫ *বিশিষ্ট হিন্দু গুরু রাধে মার জন্মদিন।*

অসীম দাশগুপ্ত

# মাধ্যমিক পরীক্ষা

# সুস্থ সহযোগিতায় সামিল হোন সকলে



**শুরু হয়ে গেছে মাধ্যমিক পরীক্ষা। সমাজে এতো সমস্যা যে এই পরীক্ষা নিয়ে কারো কোনো হেলদোল নেই! মিডিয়ায় এখন এসআই আর, ভোট, রাজনীতির মত বিষয়ের মেলা। আর সেই মেলায় হারিয়ে গেছে মাধ্যমিক গুরুত্ব। তাই এই পরীক্ষা নিয়ে তেমন তোড়জোড় নেই। মিডিয়ায় এর পরেও খুন, ধর্ষণ, গোষ্ঠীদ্বন্দ্ব, দুর্নীতির মত বিষয় দেখানোর থেকে সময় বাঁচলে হতে পারে মাধ্যমিকের খবর। তার আগে নয়। তাই ভাবতে থোড়াই কেয়ার মাধ্যমিক নিয়ে। তবে একটা সময় কিন্তু তেমন ছিল না। প্রতিদিন শোনা যেত আজ প্রথম পত্রের পরীক্ষা, আজ দ্বিতীয় পত্রের পরীক্ষা — দিয়ে মাধ্যমিকের বড় খবর। তারপর তার বিবরণ। মানে কেমন প্রশ্ন এলো, তো সবাই লিখতে পারল কিনা, পরীক্ষার্থীদের প্রতিক্রিয়া ইত্যাদি ইত্যাদি। না, আজ আর তেমন হয় না। ভুল বললাম। আজ সে কথা ভাবাও হয় না।**

**বাবুল চট্টোপাধ্যায়**

মনে করি ছাত্রাবস্থায় সবচেয়ে বড় পরীক্ষা হলো মাধ্যমিক। মনে করি ছাত্রাবস্থা আবেগ পরিপূর্ণতায় পূর্ণ। মনে করি মাধ্যমিক সারা বছরের প্রস্তুতি।এবার ভুল হলো। সঠিক হলো দশ বছরের সাধনার ফল মাধ্যমিক। রাত জাগা, পড়া, পড়া, আর পড়া। হ্যাঁ, মাধ্যমিক বলেই এতো চিন্তা। মাধ্যমিক বলেই অনেক আশা, অনেক প্রত্যাশা, অনেক স্বপ্ন অনেক আরও অনেক অনেক কিছু! মাধ্যমিকে বহু সাবজেক্ট। সামলানো বেশ টাপ। অংক, ইংরেজির ভয় অনেকেরই। অথচ ওই দুই সাবজেক্টে নম্বর ভালো হয়।ওঠে অন্যান্য সাবজেক্টে। তবে ভয়ের সাবজেক্টে আশঙ্কা নম্বর মনের মত না হওয়ার। কিই বা আর করা যাবে! ব্রেন সবার সমান নয়। কারো মেধা যথেষ্ট, অল্প পড়লেই চলে। কারো মেধা স্বল্প, তাই অনেক পড়তে হয়। হ্যাঁ,অনেক অনেক পড়া। লক্ষ্য কিভাবে ভালো নম্বর তোলা যায়। অনেকের ততক্ষনে হয়নি বোধের উদয়! নিজেকে নিজের পরখের ঘর হলো মাধ্যমিক। ভুল বললাম। পরম পরখের ঘর হলো মাধ্যমিক। যাকে ভোর করে চলে বাকি জীবন। তবে ভয় ভয় সবার। না জানি কি হয়, কি হয়! প্রায় সকলের চিন্তা লেগেই থাকে। মানে যে যেমন, তার চিন্তা তেমন।। কারো পাশের চিন্তা তো কারো ভালো রেজাল্টের চিন্তা। একটু আধটু ভয় সবার পেতে হয়। তবে কারো আছে খুব ভাল কিছুর চিন্তা। মানে ফাটাফাটি বা আউটস্ট্যান্ডিং কিছু করে দেখানো। তবে এখানে কোনো আপোষের ব্যাপার নেই। এমনও হয় যাকে কম ভাবা যাবে হয়েছে দেখা গেলো সেই হয়তো মাধ্যমিকে আউটস্ট্যান্ডিং পারফরমেন্স করেছে। আবার এমনও দেখা গেছে স্কুলও তাকে ব্যাপক কিছু ভালো কোনো ফলের আশাও করেনি। এটাই হয়! আমরা মানিক বন্দ্যোপাধ্যায়ের ‘পাশ ফেল’ গল্পের কথা কম বেশি প্রায় সকলেই জানি। সেখানে দেখা গেছে যে পাশ করা ছেলেটি জীবনে তেমন সাফল্য পায় না। আর পিছিয়ে পড়া ছেলেটি মানে যে ফেল করেছিল সেই - ই কিভাবে জীবনের সাফল্য পেয়েছিল। এটাই হয়! অবশ্য সব সময় সেই কথা খাটে তাও বলা যাবে না। তবে দেখা গেছে ভালোর জয় সর্বত্র। কিন্তু রহস্য তো অন্য জায়গায়। এই পরীক্ষায় কার যে ভালো হবে আর কার যে আশানুরূপ হবে না তো বোঝা বড় কঠিন! তবে আভাস পাওয়া যায় এই যা! দেখা গেলো যে যেমনটা আশা করেছিল তার রেজাল্ট তেমনটা হলো না -- এমনটা প্রায়ই হয়। আবার অনেকের আশার অনেক বেশি কিছু হল। সে অবশ্য আর মুখ ফুটে বলে না। পাছে তার ট্যালেন্ট নিয়ে কোনো সন্দেহ কারো থাকে। তবে সে বুঝতে পারে সব। আবার মাধ্যমিকে ভালো রেজাল্ট প্রত্যাশা করা শিক্ষার্থীর রেজাল্টের মান দারুন কিছু হবে এই বিশ্বাস অনেকেরই থাকে। তবে বেশিরভাগই নিজেকে চেনে — সামান্য হেরফের হয় এই যা। তবে যাদের একেবারেই আশা করা যায়নি তাদের ফল আশাতীত হলে তাদেরকে ছোপারুস্তম বলা যায়। এরা কিন্তু সাংঘাতিক হয়। সব ক্ষেত্রে এরাই হয় চালক। জীবনে সাফল্য আসে খুব সহজে।


হ্যাঁ, শুরু হয়ে গেছে মাধ্যমিক পরীক্ষা। সমাজে এতো সমস্যা যে এই পরীক্ষা নিয়ে কারো কোনো হেলদোল নেই! মিডিয়ায় এখন এসআই আর, ভোট, রাজনীতির মত বিষয়ের মেলা। আর সেই মেলায় হারিয়ে গেছে মাধ্যমিক গুরুত্ব। তাই এই পরীক্ষা নিয়ে তেমন তোড়জোড় নেই। মিডিয়ায় এর পরেও খুন, ধর্ষণ, গোষ্ঠীদ্বন্দ্ব, দুর্নীতির মত বিষয় দেখানোর থেকে সময় বাঁচলে হতে পারে মাধ্যমিকের খবর। তার আগে নয়। তাই ভাবতে থোড়াই কেয়ার মাধ্যমিক নিয়ে। তবে একটা সময় কিন্তু তেমন ছিল না। প্রতিদিন শোনা যেত আজ প্রথম পত্রের পরীক্ষা, আজ দ্বিতীয় পত্রের পরীক্ষা — দিয়ে মাধ্যমিকের বড় খবর। তারপর তার বিবরণ। মানে কেমন প্রশ্ন এলো, তো সবাই লিখতে পারল কিনা, পরীক্ষার্থীদের প্রতিক্রিয়া ইত্যাদি ইত্যাদি। না, আজ আর তেমন হয় না। ভুল বললাম। আজ সে কথা ভাবাও হয় না। এক্ষেত্রে অনেকেই বলবেন তখন তেমন অন্য খবর ছিল না যেটা এখন আছে। মানলাম সে কথা। কিন্তু এতো লাখ পরীক্ষার্থীর ভবিষ্যতের কথা নিয়ে খবরের কোনো মাথাব্যথা থাকবে না--- এ কেমন কথা! কেনো এতো উৎসাহ কম বুঝি না। গুরুত্ব কি কম! না, সেই কথাও তো বলা যাবে না। তবে কোনো এক অজ্ঞাত কারণে এই ভাবনার অবসান হয়েছে -- তা ঈশ্বর ই জানেন। আর মনে হয় আমরা গুরুত্ব দিচ্ছি না জেনে বুঝেই। আমাদের এমন ভাবলেও ওরা কেমন ভাবে --- চলুন সেই ভাব ঘরে একটু শিং ভেঙ্গে না হয় ছাত্রাবস্থায় মনের ঘরে ঘুর ঘুর করি।

মাধ্যমিক পরীক্ষা। একজন ছাত্রছাত্রীর সব চেয়ে বড় পরীক্ষা। ভয় তো থাকবেই। আমি দেখিয়ে দেবো ---এমন ভাব অনেকেরই। আবার উৎরে যাবো এমন ভাবের ও অভাব নেই। মানে যাদের এই ভাব বুঝতে হবে তাদের তেমন বোধ আসে নি। আসলে যাদের সেটা আসে নি তারা সঠিক সেন্স সম্মন্ধে ঠিকমতো অবগত নয়। অজ্ঞাতেই চলছে কর্মকাণ্ড। তাদের কথা না হয় এখানে তেমন নাইবা বেশি আলোকপাত করলাম। তবে যারা সিরিয়াস বা বেশি সিরিয়াস তাদের মধ্যে আছে জোর কম্পিটিশন। পাশ করার শিক্ষার্থীরা আবার অন্য রকম ভাবে। তাদের মনোভাব কোনমতে উৎরে গেলেই হলো। আসলে এরা ফাঁকিবাজ। এদের অনেকেরই ভাব স্টেজে দেখে নেবো। মানে সে নাকি ফাটিয়ে দেবে। খাতায় বিরাট শচিন ছুটবে। কি বেমালুম ভুলে গেলো টেস্টে সেই- ই মেরেকেটে বা গার্জেন কল করে এই মাধ্যমিক পরীক্ষা দিচ্ছে। ভাবা যায়!

হ্যাঁ, ভাবা যায়। ভাবা যায় যে কিনা প্রচুর পরিশ্রম করেছে তার জন্যে। বুঝতে না পারলে হাজার বার চেষ্টা করেছে। নিজেকে দিনের পর দিন উন্নত করেছে। নিজেকে নিয়ে নানান পরীক্ষা নিরীক্ষা করেছে। পড়েছে, পড়েছে, আর পড়েছে। লিখেছে-ও অনেক। মাধ্যমিক পরীক্ষায় কেমন হবে ভেবে সময় ধরে লিখেছে। নানা রকম ভাবে অনুশীলন করেছে। বাড়িতেই পরীক্ষা দিয়েছে কোচিংএ পরীক্ষা দেওয়ার আগে। শর্ট কোশ্চেন কেমন করে করবে তার টিপস জেনেছে। জেনেছে কিভাবে একটু বড় প্রশ্নের উত্তর করতে হয়। কিভাবে মার্কস তুলতে হয়। কিভাবে অংক ইংলিশ কে সামলাতে হয়। কিভাবে ভূগোল মার্কস বাড়াতে হয়, সাহিত্যে নম্বর বাড়াতে গেলে কি করতে হয় কিভাবে করতে হয় ইত্যাদি ইত্যাদি। তবে তার ভালো রেজাল্ট হবে না কেনো। ভুল বললাম। তবে তার সেই রেজাল্ট আশানুরূপ হবে না কেনো। আসলে এটাই ম্যাজিক। না, কোনো প্রকৃত ম্যাজিক নয়, ম্যাজিক আসলে নিজের প্রতি অটুট বিশ্বাস। আর যার সেটা সৎ বিশ্বাসে যথেষ্ট আছে-- তাকে রোখে কে। সাফল্যের কোনো শর্ট কাট নেই। তোমার পরিশ্রম তোমাকে সাফল্য এনে দেবে। দেবেই। তাই বিশ্বাস রাখো তুমি পারবে, পারবেই।

ওরা পারুক। ওদের পারার কামনায় আমরা বড়রা। ওরা যেটা পারে আমরা সেটা পারি না। আমরা ওদের পথ দেখাতে পারি। বলতে পারি কোনটা ঠিক কোনটা ভুল। হ্যাঁ, বারবার বলতে পারি। ওরা ভুল করে। বারবার করে। করতে করতে শেখে। আর সেই ভুল থেকে শিক্ষাটাই হলো আসল। আমরা বরং দেখাতে পারি ওরা যেন কোনো বিপথে না যায় বা বিপদে না পরে। কারণ ওদের ওই বয়স খুব সাংঘাতিক। বিরাট ঝুঁকির বয়স। তাই এতো ভুল হয়। ভুল বললাম। কত ভুল হয়। তারপর যা হয় সেটাই আসল। কিছু পরিবেশ পারিপার্শ্বিক তো কিছু পরিবেশ থাকে বংশগত। দ্বিতীয়টি ঠিক করা না গেলেও প্রথমটি কিন্তু ঠিক করাই যায়। আর যায়-- সাহস যোগানো। যেমন ধরুন কোনো একটি পরীক্ষা যদি একটু খারাপও হয় তবে তাকে আমরা সান্ত্বনা যোগাতে ঠিকমতো পারছি কিনা সেটাকে গুরুত্ব দিতে হবে।। বলতে হবে পরেরটা খুব ভালো হবে! তবে হয়তো কেউ কেউ পেরেছি। ভুল বললাম। অল্প কেউ পেরেছি,আবার অনেকেই পারিনি। আরো এগিয়ে গিয়ে আমরা কি এটা বলতে পেরেছি-- ডোন্ট ওরি, আমারও এমনটা হয়েছিল! একথা বললেই তো অনেকটা হতো। কেউ কেউ পেরেছি ঠিকই তবে পারিনি অনেকেই। মানে অচলায়তন অবস্থায় আমরা। সবাই বুঝলেই তো ভালো হতো তাই না? আমরা বলতেই পারি শরীরটাকে ঠিক রাখতে। আমাদের তো দেখা উচিত যাতে এই সময় পড়ায় কোনো ডিস্টার্ব না হয়। মানে গৃহের পরিবেশটাকে ঠিক রাখতে। এই সময়ে ওদের উপর কোনো প্রেশার দেওয়া থেকে একেবারে বিরত থাকতে হবে। কোনো প্রকার আতঙ্কে ওদের রাখলে চলবে না। ঠিকমতো ঘুম হচ্ছে কিনা তার খোঁজ রাখতে হবে। আমরা দেখেছি বাইরে পরিবহন থেকে শুরু করে পুলিশের বিরাট সহযোগিতা। হ্যাঁ, এই পরীক্ষা ঘিরে কি মারাত্বক আকারে হয় উদ্বিগ্নতা। অভিভাবক থাকে গভীর চিন্তায়। ওদের সর্বদা পাশে থাকা দরকার। তবে সৌজন্যে সরকার ভীষণ দরকার। দেখতে হবে পুলিশ ক্যাম্প, পরিবহন ঠিকঠাক কতটা। সরকার সেটা আরো ভালোভাবে দেখুক -- এই কামনায় আমরা। পুলিশের নিপাট সহযোগিতা আমরা এক্ষেত্রে অনেক বেশি দেখে থাকি। আমরা বিশ্বাস করি, আমাদের আবেগের বেড়ে ওঠা, আমাদের জীবনের বেড়ে ওঠা, আমাদের মানসিক সম্মানের প্রথম ধাপ হলো মাধ্যমিক। আমাদের সম্মানে নিজেকে প্রমাণের আরেকটা ধাপ হলো মাধ্যমিক। মনে করি জীবনের জন্যেও শিক্ষার একটা মূল্যবান ধাপ হলো এই মাধ্যমিক। তাই আসুন না সবাই মিলে এই মহা শিক্ষা উৎসবে সামিল হই — অত্যন্ত আন্তরিকতায়।

### চর্চাবাসর ৬




হোলি ভারত উপমহাদেশে বসন্তের আগমন, শীতের অবসান এবং প্রেমের প্রস্ফুটনকে চিহ্নিত করে। এটি একটি শুভ বসন্তকালীন ফসলের জন্য প্রার্থনার উৎসবও বটে। হোলি এক রাত ও এক দিন ধরে পালিত হয়, শুরু হয় পূর্ণিমার সন্ধ্যায়, যা হিন্দু বর্ষপঞ্জির ফাল্গুন মাসে পড়ে।


— কলমবীর

### লেখা পাঠান

**সময়োপযোগী উত্তর সম্পাদকীয় লেখা পাঠান। যে কোনও বিষয়ে আপনার মতামত বা অভিযোগ জানিয়ে পাঠান চিঠিপত্র। অবশ্যই Unicode-এ টাইপ করে পাঠাতে হবে।**

email : dailyekdin1@gmail.com





# একদিন ঘুরে ট্যুরে





# মুর্শিদাবাদ হেরিটেজ ফেস্টিভ্যাল ২০২৬

## ৬-৮ ফেব্রুয়ারি



মুর্শিদাবাদ হেরিটেজ ফেস্টিভ্যাল কেবল একটি উৎসব নয়; এটি সেই জগতে প্রবেশের এক বিরল সুযোগ, যেখানে ইতিহাস, শিল্প ও আভিজাত্য আজও অমলিন হয়ে বেঁচে আছে।

একসময়ের বাংলার নবাবি রাজধানী;ক্ষমতা, ঐশ্বর্য ও সংস্কৃতির প্রাণকেন্দ্র;মুর্শিদাবাদ কেবল মানচিত্রের একটি নাম নয়। এটি এক জীবন্ত উত্তরাধিকার। তার রাজপ্রাসাদ, গঙ্গার ঘাট, রেশম বয়নের তাঁত আর প্রাচীন আচার আজও ইতিহাসের গল্প শোনায়, যা গঙ্গার স্রোতের সঙ্গে যুগে যুগে বহমান।

৬ থেকে ৮ ফেব্রুয়ারি ২০২৬, এই ঐতিহাসিক জনপদ আবার ফিরে পাবে তার গৌরবময় অতীত। মুর্শিদাবাদ হেরিটেজ ডেভেলপমেন্ট সোসাইটি (MHDS)-এর উদ্যোগে অনুষ্ঠিত হতে চলেছে মুর্শিদাবাদ হেরিটেজ ফেস্টিভ্যাল ২০২৬;ঐতিহ্য, আভিজাত্য ও জীবন্ত সংস্কৃতির এক অনন্য উৎসব।

কাঠগোলা গার্ডেন ও প্যালেসের রাজকীয় প্রেক্ষাপটে, অভিজাত কোঠি, প্রাচীন মসজিদ ও মন্দির, এবং গঙ্গাতীরের সৌন্দর্যের মাঝে তিনদিনের এই উৎসব মুর্শিদাবাদের সেই অতীতকে উদ্‌যাপন করবে, যা একসময় তাকে বিশ্বের অন্যতম সমৃদ্ধ সাংস্কৃতিক কেন্দ্রে পরিণত করেছিল।

এই উৎসব দর্শকদের নিয়ে যাবে নবাবি ও বণিক সমাজের পরিশীলিত জীবনধারার গভীরে;যেখানে সংস্কৃতি লালিত হতো সৌন্দর্যের সঙ্গে, খাদ্য ছিল শিল্পের মর্যাদায় উন্নীত, আর স্থাপত্যে প্রতিফলিত হতো শক্তি ও নান্দনিকতার ভারসাম্য। বাছাই করা হেরিটেজ ওয়াক, রাজপ্রাসাদ দর্শন, চলচ্চিত্র প্রদর্শনী, নৌভ্রমণ ও সংগীতসন্ধ্যা মিলিয়ে তৈরি হবে এক সময়ভ্রমণের অভিজ্ঞতা, যা আজও বর্তমানের সঙ্গে সংলাপ চালিয়ে যায়।

হাজারদুয়ারি প্রাসাদ, কাটরা মসজিদ, নশিপুর রাজবাড়ি, কাঠগোলা প্যালেস, বাড়ি কোঠি, জৈন কোঠি, জগৎ শেঠ জাদুঘর ও তান্তিপাড়ার ঐতিহাসিক অলিগলি;এই সবকিছুই আবিষ্কার করবেন দর্শকরা, পাশে নিরবচ্ছিন্ন সাক্ষী হয়ে বয়ে চলবে গঙ্গা।

রানি ভবানীর মতো কিংবদন্তি ব্যক্তিত্বদের নিয়ে চলচ্চিত্র প্রদর্শনী, আজিমগঞ্জে ঐতিহ্যবাহী নৌকাবাইচ, নদীর বুকে চা-সম্ভাষণ, গঙ্গা আরতি, আতশবাজি ও সংগীতানুষ্ঠান;সব মিলিয়ে উৎসবটি হয়ে উঠবে আবেগ, আনন্দ ও আত্মসমীক্ষার এক মিলনমেলা।

উৎসবের এক বিশেষ আকর্ষণ মুর্শিদাবাদের সমৃদ্ধ রন্ধন-ঐতিহ্যের প্রতি শ্রদ্ধার্ঘ্য। শেহেরওয়ালি পরিবারের পরিশীলিত গৃহস্থালি রেসিপি থেকে শুরু করে ঘাটের ধারে জনপ্রিয় পথখাবার; সবকিছুই থাকবে এই স্বাদযাত্রায়। হাউস অব শেহেরওয়ালি, বাড়ি কোঠি ও কাঠগোলা প্যালেসের মতো ঐতিহ্যবাহী হেরিটেজ হোটেলে অতিথিরা উপভোগ করবেন ইতিহাসের সঙ্গে মিশে থাকা এক অনন্য গ্যাস্ট্রোনমিক অভিজ্ঞতা।

উৎসবটি বিশেষভাবে আলোকপাত করবে তান্তিপাড়ার উপর; মুর্শিদাবাদ রেশমের কিংবদন্তি কেন্দ্র। সূক্ষ্ম মুর্শিদাবাদি সিল্ক শাড়ি, জটিল বয়নকৌশল এবং প্রজন্মের পর প্রজন্ম ধরে চলা দক্ষ কারিগরির ঐতিহ্য আজও বাংলার বস্ত্রশিল্পের গৌরব বহন করে চলেছে। শিল্প, কারুশিল্প ও গল্পকথার মাধ্যমে সম্মান জানানো হবে সেই তাঁতিদের, যাঁদের হাতে এই অমূল্য ঐতিহ্য আজও জীবিত।

উৎসব প্রসঙ্গে MHDS-এর প্রতিষ্ঠাতা সদস্য শ্রী সন্দীপ নাওলাখা বলেন; অমুর্শিদাবাদ শুধু একটি পর্যটনস্থল নয়, এটি ভারতের ইতিহাসের এক জীবন্ত অধ্যায়। এই উৎসবের মাধ্যমে আমরা চাই মানুষ তার আত্মাকে অনুভব করুক;তার ঐতিহাসিক পথ ধরে হাঁটুক, তার ঐতিহ্যবাহী খাবারের স্বাদ নিক এবং যে উত্তরাধিকার একসময় বাংলাকে সংজ্ঞায়িত করেছিল, তাকে উপলব্ধি করুক। আমাদের লক্ষ্য গর্বকে পুনর্জাগ্রত করা, ঐতিহ্য সংরক্ষণ করা এবং অর্থনৈতিকভাবে টেকসই উপায়ে মুর্শিদাবাদের দরজা বিশ্বের সামনে খুলে দেওয়া।

মুর্শিদাবাদ হেরিটেজ ফেস্টিভ্যাল কেবল একটি উৎসব নয়;এটি সেই জগতে প্রবেশের এক বিরল সুযোগ, যেখানে ইতিহাস, শিল্প ও আভিজাত্য আজও অমলিন হয়ে বেঁচে আছে।



---




ড.জয়ন্ত কুমার দেবনাথ

১৯১৯ সালের ১৩ এপ্রিল। ভারতের স্বাধীনতা ইতিহাসে এক কলঙ্কময় অধ্যায়। ঐদিন পাঞ্জাবের জালিয়ানা বাগে ব্রিটিশ পুলিশের ব্রিগেডিয়ার জেনারেল ও' ডায়ারের নির্দেশে বৈশাখী পূর্নিমার ধর্মীয় অনুষ্ঠানে জড়ো হওয়া নিরীহ নিরস্ত্র মানুষের উপর গুলি চালায়। ইতিহাসের পাতায় এটি জালিয়ান ওয়ালা বাগের হত্যাকান্ড বলে পরিচিত। পাঞ্জাবের অমৃতসর জেলার স্বর্ণমন্দিরের নিকটবর্তী ইংরেজ পুলিশের নৃশংসতার প্রতীক এই জালিয়ান ওয়ালা বাগ এক ঐতিহাসিক পর্যটন স্থান। হাওড়া থেকে অমৃতসর যাওয়ার অনেক ট্রেন আছে। ট্রেনে সময় লাগে প্রায় ৩৪ ঘন্টা।

২০০৪ সালে প্রথমবার দেখা জালিয়ান ওয়ালা বাগ, আর বর্তমানের জালিয়ান ওয়ালা বাগ থেকে অনেক পরিবর্তন হয়েছে। যে জালিয়ান ওয়ালা বাগে হাজার হাজার পূর্ণার্থী সেদিন জড়ো হয়েছিলেন। জালিয়ানওয়ালাবাগে প্রবেশ পথ ছিলো একটি এবং খুবই সংকীর্ণ। ভিতরে ছিলো একটি ইঁদারা। পুরো জালিয়ান ওয়ালা বাগের চারপাশ ছিলো বড়ো বড়ো দালান এবং সুউচ্চ প্রাচীর দিয়ে ঘেরা। সেখান থেকে বেরোনোর অন্য কোনো পথ ছিলো না। ঐদিন বিনা কারণে জড়ো হওয়া হাজার হাজার পূর্ণার্থীদের উপর যখন ইংরেজ পুলিশ গুলি চালায়, তখন জড়ো হওয়া সাধারণ মানুষ আত্মরক্ষার জন্য এদিক ওদিক ছুটে বেড়াতে থাকে। কিন্তু ইংরেজ পুলিশ একমাত্র প্রবেশ পথে মূর্তিমান মৃত্যু দূত হয় গুলি চালায়। বহু মানুষ নিরুপায় হয়ে বাঁচার জন্য ইঁদারার মধ্যে ঝাপিয়ে পড়ে। কিন্তু সেই ইঁদারা মৃত্যু কূপে পরিনত হয়েছিলো। সেই কূপটি ২০০৪ সালে দেখা আর বর্তমানের থেকে পৃথক। আগে সহজেই তার ধারে গিয়ে দেখা যেতো। কিন্তু এখন তা নেট দিয়ে ঘিরে রাখা হয়েছে। আর রয়েছে একটি প্রাচীর, যেখানে ইংরেজ পুলিশের গুলির দগদগে চিহ্ন এখনো সংরক্ষণ করে রাখা হয়েছে। জালিয়ানওয়ালাবাগে রয়েছে একটি গ্যালারি, যাতে সেদিনের শহীদের ছবি। সেদিনের শহীদ হওয়া মানুষের স্মৃতিতে তৈরী হয়েছে একটি স্মৃতিসৌধ।

এখন সেখানে সংকীর্ণ প্রবেশ পথ ছাড়াও তৈরী হয়েছে একটি প্রশস্ত বাহির পথ। যেখান দিয়ে পর্যটকরা সহজেই বেরিয়ে যেতে পারে।

জালিয়ানওয়ালাবাগের প্রবেশপথে রয়েছে একটি অসাধারণ সাদা রংয়ের মশালের আকৃতি বিশিষ্ট সেদিনের ঘটনায় শহীদদের মুখাবয়বের মর্মর মূর্তি। যাদের ইতিহাসের প্রতি আকর্ষণ আছে, তারা সেখানে গিয়ে চোখ বন্ধ করে সেদিনের এই নারকীয় ঘটনায় অসহায় নরনারী দের আর্তচিৎকার শুনতে পাবেন।

আমরা যে হোটেলে ছিলাম ,তার পিছনেই ছিলো জালিয়ানওয়ালাবাগ। সেখান থেকে জালিয়ানওয়ালাবাগ দেখে আপনি সহজেই যেতে পারেন পাঞ্জাবের বিখ্যাত স্বর্ণমন্দির। আর চাইলে বিকেলে ঘুরে আসতে পারেন তওয়াঘা বর্ডারদ।

